দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 43 ■ 2nd November 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

এই সংখ্যায়
- মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- জেনারেল স্টাডিজ ও সাম্প্রতিক ঘটনাবলী
- চাকরির পরীক্ষায় গাইড ও সাফল্যের প্রস্তুতি
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর

### স্টাফ সিলেকশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার ইন্সপেক্টর, অডিটর, অ্যাসিস্ট্যান্ট

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে কয়েক হাজার শূন্যপদ পূরণের জন্য ২০১৯ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা 'আপার ডিভিশন ক্লার্ক', অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার/অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার, 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার'

☞ এরপর ৭ পাতায়

## পুরসভায় ২৫ মজদুর

পুরুলিয়া পুরসভা মজদুর পদে ২৫ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলোধূলায় দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ :

☞ এরপর ২ পাতায়


## ই.এস.আই হাসপাতালে ২০০ ফার্মাসিস্ট

পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দফতরের অধীন ডিরেক্টরেট অফ ই.এস.আই. (এম.বি.) স্কিমে কাজের জন্য 'ফার্মাসিস্ট গ্রেড-।।। /ফার্মাসিস্ট কাম সেলসম্যান গ্রেড-।।।' পদে ২০০ জন লোক নিচ্ছে। ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি/ অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। ফার্মাসির ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ ফার্মাসি কাউন্সিলে ফার্মাসিস্ট হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ :২০০টি (জেনাঃ ৯৭, তঃজাঃ ৪৪, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১৯, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১৩, প্রতিবন্ধী ৮, মেধাবী খেলোয়াড় ৬)। এই পদের বিজ্ঞপ্তি নং : 21/2019.

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। তারপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ নভেম্বর থেকে ২১ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে :

☞ এরপর ৬ পাতায়




## নেভিতে ১৪৫ অ্যাপ্রেন্টিস

ভারতীয় নৌবাহিনীর জাহাজ মেরামতির সংস্থা কর্ণাটক রাজ্যের কারওয়ারের ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড ২১টি ট্রেডে অ্যাপ্রেন্টিস পদে ১৪৫ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**শিপরাইট (উড)** : আই.টি.আই. থেকে কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**ইলেক্ট্রিশিয়ান** : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**ইলেক্ট্রনিক্স মেকানিক** : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**ফিটার** : আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

☞ এরপর ৬ পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ১,৫৭৪ অ্যাপ্রেন্টিস

**আই.টি.আই থেকে পাশ ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার**

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের হলদিয়া, গুয়াহাটি, বারাউনি, গুজরাট, মথুরা, পাণিপথ, বঙ্গাইগাঁও, পারাদ্বীপ রিফাইনারি 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ১,৫৭৪ জন লোক নিচ্ছে।

**কারা কোন ট্রেডের জন্য যোগ্য :**

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল** : ইলেক্ট্রিক্যাল

☞ এরপর ৫ পাতায়

## বিমানবাহিনীতে শিক্ষক

### সরাসরি র‌্যালি

**নিজস্ব প্রতিনিধি** : ভারতীয় বিমানবাহিনী 'গ্রুপ-এক্স (এডুকেশন ইন্সট্রাক্টর)' ট্রেডে 'এয়ারম্যান' পদে সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে কয়েকশো অবিবাহিত ছেলে নিচ্ছে। পশ্চিমবঙ্গ ও ওড়িশা রাজ্যের প্রার্থীরা যোগ্য।

ইংরিজি বিষয় নিয়ে বি.এ. কোর্স পাশ কিংবা ফিজিক্স, সাইকোলজি, কেমিস্ট্রি, অঙ্ক, আই.টি., কম্পিউটার সায়েন্স বা, স্ট্যাটিস্টিক্স বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশ কিংবা বি.সি.এ. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সব ক্ষেত্রে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। এছাড়াও সব ক্ষেত্রে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে বি.এড. কোর্স

☞ এরপর ২ পাতায়

### জেলা স্বাস্থ্য দফতরে

## ১০ টেকনিশিয়ান

মুর্শিদাবাদ জেলা স্বাস্থ্য দফতর 'ল্যাব টেকনিশিয়ান' পদে ১০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**আই.সি.টি.সি. ল্যাব টেকনিশিয়ান** : মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিগ্রি (বি.এসসি.) কোর্স পাশরা ১ বছর কাজের

☞ এরপর ৬ পাতায়


## ৭৮ নার্স

চন্ডীগড়ের পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ 'নার্সিং অফিসার' পদে ৭৮ জন লোক নিচ্ছে।

নার্সিংয়ের বি.এসসি. অনার্স

☞ এরপর ৬ পাতায়

১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
দাম মাত্র ৩৫ টাকা
এবার আরো বেশি পাতা
আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
আমরা 'Common' প্রশ্নোত্তর দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
বাঙালি ছেলেমেয়েদের ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ দেখিয়েছে সাফল্য। যুগ বদলের সঙ্গে-সঙ্গে একেবারে সাম্প্রতিক কালের প্রশ্নও গেছে বদলে। সেই নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কলা-কৌশল শেখাচ্ছেন
বিনামূল্যে ৩২ পাতার পুলিশের সাব-ইন্সপেক্টর ও পি.এস.সি'র মিসলেনিয়াস প্রশ্নোত্তর




- ✓ পি.এস.সি মিসলেনিয়াস পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ রাজ্য পুলিশের সাব-ইনসপেক্টর পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ পি.এস.সি ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ সিপিডব্লুডি জুনিয়র ইঞ্জি. (ইলেক্ট্রি.) পরীক্ষার সম্ভাব্য ১০০ প্রশ্নোত্তর
- ✓ আইবিপিএস ক্লার্ক পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
- ✓ সিপিডব্লুডি জুনিয়র ইঞ্জি.(সিভিল) পরীক্ষার সম্ভাব্য ১০০ প্রশ্নোত্তর

সংবাদপত্রের হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

## রাষ্ট্রায়ত্ত সংস্থায় ১৩১ অ্যাপ্রেন্টিস

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের ওয়েস্টার্ণ রিজিয়ন মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ১৩১ জন লোক নিচ্ছে।

**কারা কোন ট্রেডের জন্য যোগ্য :**

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইন্সট্রুমেন্টেশন** : ইন্সট্রুমেন্টেশন,

☞ এরপর ১৬ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে
গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/
৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

B.Ed. & D.El.Ed (2019-21) ভর্তির শেষ সুযোগ। Contact to Binita Mohanta College of Education, Boinchi, Hooghly M: 9143288787
SH (S)

**WBCS / CGL / BANK**
Rail, PSC. 2008 থেকে কয়েকশো সফল। মাসিক ফি। শিয়ালদহ, ICON-8240560630
SA

**SI CLASSES**
-এর WBCS কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে দেখুন — WWW.SICLASSES.COM
MS

## কর্মখালি

**জাহাজে নিয়োগ**
**Govt. Regd. 1113**
www.seafaressuppliersandservices.com প: বঙ্গ সহ ভারতের বিভিন্ন জাহাজ ও বন্দর অঞ্চলে সরকারি নিয়মানুসারে মেডিক্যাল ফিট পুরুষ প্রার্থীরা আবেদন করুন। শূন্যপদ 179 যোগ্যতা 10 - উচ্চ শিক্ষিত, বয়স 18-42, বেতন 15300/- - 45200/-, পদ সি-ম্যান, ইঞ্জিন কেডিট, ডেক কেডিট ও অন্যান্য পদে। M : 7478696188
SA (A)

**দোহাই, আর ঠকবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক কর্মসংস্থান।

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
মধ্যমগ্রামে চাকরির পরীক্ষার সেরা গাইড।PSC,SSC,রেল, ব্যাঙ্ক 600PM চন্দ্র স্যার 9903500682
R

**Trend Nail-Art**
বেকার যুবক যুবতীরা Nail-art, Makeup ও Beautician এর কোর্স করে ইনকাম করতে পারেন। সোনারপুর- (M): 8334039244.
SH (S)

**WBCS, PSC, কম্বাইন্ড**
হাতে ধরে শেখানো হয়। All Subject. ICE বালিগঞ্জ, New Admission - 9804412898.
R

**GNM / B.Sc. নার্সিং**
শেষ 14টি আসন খালি। INC অনুমোদিত কলেজ। ফ্রী নোটস। 100% Job Assistance. IASBM, দমদম - 9073386337
SA

## কর্মখালি

**এয়ারপোর্ট, মেট্রো ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 119 জন M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 17300/- - 45900/-. থাকা-খাওয়া ফ্রী। M : 9732296073.
SA (A)

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 14300/- – 42700. বয়স : 18 – 35. Ex. আর্মির বিশেষ সুযোগ। M - 9851453605.
SA (A)

**"পুজোর ভ্যাকান্সি"**
গভঃ স্বীকৃত Airport ও মেট্রো ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 47 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। পদ : ক্লার্ক, SV., পিওন, গ্রাউন্ড স্টাফ, অন্যান্য। M : 8695726932
SA(A)

## স্কুল-কলেজ-শিক্ষা

**নার্সিং ও ফার্মাসিস্ট**
GNM, B.Sc নার্সিং, ANM, D/B Pharma (Each 5 seat), B.Ed./M.Ed./M.P.Ed/D.El.Ed. M : 8420657379 (SRU)
D

Math and GI classes. State and Central Govt. Exam. Hindi, Bengali from Nov. Sealdah (M) 8820417538
SH (S)

**Math ও GI, হাবড়া**
**মছলন্দপুর, বারাসাত**
WBP, KP, RPF, ৮ বাহিনী, MTS, 10 + 2, CGL, Rail, WBCS ইত্যাদি পরীক্ষায় 90% নম্বর পেতে Basic ও Adv. ব্যাচে chapterwise শেখানো হয়। প্রাণদীপ মণ্ডল- 8293255605
SH

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**
'2 Years BSS প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'-এ (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা : মাধ্যমিক / উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Hospital Practice ও Installment-এ ফিস্ দেওয়ার সুযোগ। স্কলারশিপ প্রদান। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ : 9732937726, 9732684328
SH

## কর্মখালি

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616.
SA (A)

**পুজোর ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টারের অধীনে 109 জন M / F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788
SA (A)

## স্কুল-কলেজ-শিক্ষা

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

GNM B.Sc নার্সিং ব্যাঙ্গালোর D.El.Ed, B.Ed, B.P.Ed-W.B. Ph.D, M.Phil, M.Ed-M.P., LLB, M.P.Ed, Engg, ফার্মেসী। এছাড়া যে কোন কোর্স রেগুলার : ডিস্টেন্সে হয়। BIHM, বোলপুর - 7001731491, মালদা - 9641350551.
UM

**Math, GK, Eng দুর্গানগর**
CGL, WBCS, Rail, PSC, SSC ভর্তি চলছে। মাসিক মাহিনা। Mobile No.: 7003696011
SH (S)

সরাসরি ভর্তি চলিতেছে : (NIOS, CCS UNIV, MGU, NSOU)- 2018, 19/Back X, XII, BA, MA, M.Phil, Ph.D, D.El.Ed, B.Ed, LLB-8420404660.
R

**নার্সিং ভর্তি !!!**
পুং/স্ত্রী GNM (মোট ১,৫০,০০০) & BSC নার্সিং (মোট ৩,০০,০০০) INC. কলকাতায় পড়ানো হয়। MNCC - (M) 8336015296.
SH

**Vision Institute**
**B.Ed & M.Ed.**
**Ph.D, LLB, Pharmacy**
**Engg. & Management**
**GNM, B.Sc নার্সিং**
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা —
7603004974, 7603004973/1

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

পশ্চিমবঙ্গের সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত Consultancy
**HALDAR ACADEMY**
An ISO 9001 : 2015 Certified Institute
হেড অফিস : সোনারপুর, কোলকাতা- ১৫০, শাখা অফিস- বাঁকুড়া
**GNM নার্সিং** Total 15 seat Available
ছেলে মেয়ে উভয়ই শীঘ্রই যোগাযোগ করুন
**LLB** Spot Admission in West Bengal
Session : 2019-20 • আসন সংখ্যা মাত্র ১০টি
**D.Pharm, B.Pharm** Seat Booking in West Bengal
**B.Ed., D.El.Ed.** ভর্তির শেষ সুযোগ NCTE Approved
**BA, MA, B.Sc., M.Sc., B.com., M.Com.**- All Subject
রেগুলার কোর্সে সরাসরি ভর্তি চলিতেছে
For Admission & Franchisee Call
9007313724 | 8348043505

## পুরসভায় ২৫ মজদুর

১ পাতার পর

২৫টি (তঃজাঃ ৪, তঃজাঃ ই.সি. ১, তঃজাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ ৬, জেনাঃ ই.সি. ৪, জেনাঃ প্রাঃসঃকঃ ২, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ই.সি. ১)।
প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পদের মেমো নং : 1975. Date: 21.10.19. দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে : puruliamunicipality.org তখন সঙ্গে দেবেন : (ক) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (খ) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল, (গ) নিজের নাম-ঠিকানা লেখা ও উপযুক্ত ডাকটিকিট সাঁটা একটি খাম। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন Application for Recruitment to the post...... with Memo No..... Date....'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, ক্যুরিয়ারে। পৌঁছনো চাই ১৯ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Purulia Municipality, P.O., P.S. & Dist. Purulia, Pin - 723101.

## বিমানবাহিনীতে শিক্ষক

১ পাতার পর

পাশ হতে হবে।
ইংরিজি বা, সাইকোলজির এম.এ., অঙ্ক, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার সায়েন্স, আই.টি. বিষয় নিয়ে এম.এসসি. কোর্স পাশ কিংবা এম.সি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন। এছাড়াও সব ক্ষেত্রে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে বি.এড. কোর্স পাশ হতে হবে।
কোনো ক্ষেত্রে ওই শতকরা হারের থেকে ০.১% নম্বর কম পেয়ে থাকলেও যোগ্য নন। কারো শতকরা হার ৪৯.৯ হলে, কখনই ওই শতকরা হার ৫০% ধরা হবে না। বয়স হতে হবে ডিগ্রি কোর্স পাশদের বেলায় ২৫ বছরের মধ্যে আর পোস্ট-গ্র্যাজুয়েটদের বেলায় ২৮ বছরের মধ্যে।
জন্ম-তারিখ হতে হবে ডিগ্রি কোর্স পাশদের ক্ষেত্রে ১৯-৭-১৯৯৫ থেকে ১-৭-২০০০'এর মধ্যে আর পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশদের বেলায় ১৯-৭-১৯৯২ থেকে ১-৭-২০০০'এর মধ্যে।
শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২.৫ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। দৃষ্টিশক্তি হতে হবে প্রতিটি চোখে ৬/৩৬ যা প্রতি চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। রঙ চেনার স্বাভাবিক দৃষ্টিশক্তি দরকার বা, নিরাপদ ত্রুটিপূর্ণ CPIII. হাই পারমেট্রোপিয়া +3.5D, মায়োপিয়া -3.5D-এর কম লেন্সের পাওয়ার-সহ থাকতে হবে।
৬০০ সেমি. দূরত্ব থেকে ফিসফিস শব্দ শোনার দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ২০ বছরের চাকরি, যা ৫৭ বছর বয়স পর্যন্ত বাড়তে পারে। শুরুতে ১২ সপ্তাহের জয়েন্ট বেসিক ফেজ ট্রেনিং হবে কর্ণাটকের বেলগামের এয়ারফোর্স ট্রেনিং স্কুলে। তখন স্টাইপেন্ড পাবেন মাসে ১৪,৬০০ টাকা। ট্রেনিংয়ে সফল হলে শুরুতে মোট মাইনে মাসে ৪০,৬০০ টাকা। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে। এই পদের ইনটেক : ০২/২০২০.
প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে যাবতীয় প্রমাণপত্রের মূল পরীক্ষা করা হবে। প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের সেদিন বা, তার পরের দিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ২৭ বছর বয়স পর্যন্ত প্রার্থীদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬ কি.মি. দৌড়তে হবে। ২৭ বছরের বেশি বয়স হলে ৭ মিনিট সময় পাবেন। এছাড়াও ১০ বার পুশ আপ, ১০ বার সিট আপ, ২০ বার স্কোয়াটস। ওইদিন খেলার সরঞ্জাম সঙ্গে নিয়ে যাবেন। সফল হলে লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের ২টি পেপার। অবজেক্টিভ টাইপের পেপারে থাকবে : জেনারেল ইংলিশ, জেনারেল নলেজ, জেনারেল অ্যাওয়ারনেস, কারেন্ট অ্যাফেয়ার্স। সময় থাকবে ৪৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।
ডেসক্রিপ্টিভ টাইপের পেপারে থাকবে একটি প্রবন্ধ লেখা ও একটি প্রেসি লেখা। ২৫ নম্বরের পরীক্ষা। সময় থাকবে ৩৫ মিনিট।
লিখিত পরীক্ষায় সফল হলে অ্যাডাপটাবিলিটি টেস্ট-।, ইন্সট্রাকশনাল এবিলিটি টেস্ট, অ্যাডাপটাবিলিটি টেস্ট-।। দিতে হবে।
এরপর হবে ডাক্তারি পরীক্ষা জানুয়ারি মাস নাগাদ, কলাইকুন্ডা এয়ারফোর্স হাসপাতালে। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই। সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে ৩০ এপ্রিল, ভুবনেশ্বরের এয়ারমেন সিলেকশন সেন্টারে। এছাড়াও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.airmenselection.cdac.in
দরখাস্ত কোথাও পাঠাতে হবে না। সরাসরি র‍্যালিতে হাজির হবেন। পশ্চিমবঙ্গের সব জেলার প্রার্থীদের ও ওড়িশা রাজ্যের প্রার্থীদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা (অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ) টাইপের পরীক্ষা হবে ১২ নভেম্বর। অ্যাডাপটাবিলিটি টেস্ট-।, ইন্সট্রাকশনাল এবিলিটি টেস্ট হবে ১৩ নভেম্বর। অ্যাডাপটাবিলিটি টেস্ট-।। দিতে হবে ১৪ নভেম্বর। প্রার্থীদের হাজির হতে হবে সকাল ৬ টার মধ্যে। এই ঠিকানায় : কলিঙ্গ স্টুডিও চক, ভুবনেশ্বর, ওড়িশা।
ওইদিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও ৪ কপি প্রত্যয়িত জেরক্স : (১) এখনকার তোলা ৭ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড হতে হবে হাল্কা রংয়ের) (ফটো তোলার সময় বুকের কাছে কালো রংয়ের স্লেটে নাম ও ফটো তোলার তারিখ সাদা চক দিয়ে লিখে দেবেন), (২) জন্ম-তারিখের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের মার্কশীট বা, সার্টিফিকেট, (৩) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের মার্কশীট ও সার্টিফিকেট, (৪) জেলা শাসক, এস.ডি.এম., এ.ডি.এম., এস.ডি.ও. (সিভিল)'র দেওয়া বাসিন্দা সার্টিফিকেট, (৫) ওইসব জেলায় চাকরি করছেন, প্রতিরক্ষা দপ্তরের এমন কর্মীর ছেলেরা সংশ্লিষ্ট দপ্তরের প্রধানের দেওয়া সার্টিফিকেট, (৬) প্রাক্তন সমরকর্মীর ছেলেরা ওইসব জেলায় বসবাস করে থাকলে, তাঁদের বেলায় ডিসচার্জ কপি, (৭) এন.সি.সি. সার্টিফিকেট, (৮) ১৮ বছরের নিচে বয়স হলে 'কনসেন্ট ফর্ম' পূরণ করতে হবে। ওই ফর্ম ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। ওই ফর্মে বাবা-মা বা, অভিভাবকের সই থাকতে হবে। আরো বিস্তারিত তথ্য জানতে পারবেন এই ঠিকানায় : (1) 9 Airmen Selection Centre, Near Rajdhani College, Baramunda, Bhubaneswar, Odisha - 751003. ফোন : (০৬৭৪) ২৫৬১৩৩৬। কনসেন্ট ফর্মের বয়ান :

**CONSENT FORM FOR PHYSICAL FITNESS TEST AND MEDICAL TESTS**

I, ............ son of ..... ..... whose date of birth is ......... do hereby give my consent to appear in the physical fitness / medical tests, as prescribed for selection in the Indian Air Force, at my / his own risk. I am aware that no compensation in any form shall be claimed, in respect of injuries / casualty if any, sustained by myself / my son / my ward, during such tests.

Signature ..............................
Date :
Name of candidate ..............

KARMASANGSTHAAN ■ Vol. 32 ■ Issue No. 43 ■ 2 November, 2019 ■ 3

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে খুব শিগগিরই। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **গোপাল দেওঘোরিয়া।**

1. 'Right of Education Act' কত সালে চালু হয়?
(a) 2011 (b) 2004 (c) 2010 (d) 2009

2. 'The Testaments' উপন্যাসের জন্য 2019 সালে নীচের কে 'বুকার' পুরস্কার পাচ্ছেন?
(a) মার্গারেট অটউড (b) বার্নারডাইন এভারিস্টো (c) ভি.এস.নইপল (d) ঝুম্পা লাহিড়ী

3. 66তম 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার' অনুষ্ঠানে এ বছরের সেরা চলচ্চিত্র নির্বাচিত হয়েছে 'হেল্লারো'। চলচ্চিত্রটির নির্দেশক কে?
(a) রাহুল দেব সিংহ (b) আর. রাওয়াইল (c) অভিষেক শাহ (d) সুধাকর রেড্ডি

4. 'চেরো' ও 'লোহরা' ভারতের কোন রাজ্যের অধিবাসী সম্প্রদায়?
(a) ওড়িশা (b) বিহার (c) গুজরাত (d) উত্তর প্রদেশ

5. 2019 সালে নীচের কে 'নোবেল' শান্তি পুরস্কার পেয়েছেন?
(a) আবি আহমেদ আলি (b) মহম্মদ ইউনুস (c) কৈলাশ সত্যার্থী (d) এম.এন.মিশ্র

6. 'A Short History of Poverty Measurements' বইটির রচয়িতা কে?
(a) ব্যানার্জি, অভিজিৎ বিনায়ক (b) অমর্ত্য সেন (c) নবনিতা দেবসেন (d) কোনোটিই নয়

7. 'সূর্য স্থির, পৃথিবী গতিশীল' — একথা কে প্রথম প্রমাণ করেন?
(a) নিউটন (b) আর্কিমিডিস (c) গ্যালিলিও (d) কোপারনিকাস

8. 'মহেন্দ্র' ও 'কল্যাণী' চরিত্রদুটি আমরা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসে পাই?
(a) কপালকুণ্ডলা (b) আনন্দমঠ (c) কৃষ্ণকান্তের উইল (d) রাজসিংহ

9. 'স্টাইলাস' কী?
(a) মানচিত্র আঁকার পেন (b) ব্রেইল পদ্ধতিতে ব্যবহৃত পেন (c) বিদেশি বস্ত্রবয়ন যন্ত্র (d) কোনোটিই নয়

10. তুষারকণা বহনকারী অতিশীতল বায়ুপ্রবাহকে কী বলে?
(a) সাইক্লোন (b) হিমানী (c) ব্লিজার্ড (d) টর্নেডো

11. নীচের কোন জোড়াটি সঠিক নয়?
(a) ব্যাকটিরিয়া-জীবাণু (b) এন্টামিবা-আদ্যপ্রাণী (c) অ্যাসপারজিলাস-ছত্রাক (d) সবকটি সঠিক

12. বিশ্বের বৃহত্তম সৌরশক্তি উৎপাদনকেন্দ্র 'মুলহাউসেন' কোন দেশে আছে?
(a) জার্মানি (b) ইতালি (c) ফ্রান্স (d) জাপান

13. নীচের কোনটি একটি ক্ষতিকর ছত্রাক?
(a) ঈস্ট (b) পাকসিমিয়া (c) ল্যাক্টোব্যাসিলাস (d) কোনোটিই নয়

14. রাজ্য ও জলবিদ্যুৎ কেন্দ্রের পরিচিতিতে নীচের কোন জোড়াটি সঠিক নয়?
(a) গুজরাত - উকাই (b) সিকিম - রংগিত (c) রাজস্থান - লোকটাক (d) ঝাড়খণ্ড - তিলাইয়া

15. নীচের কোন তত্ত্ব/মতবাদ চার্লস ডারউইনের মতবাদ নয়?
(a) জীবন সংগ্রাম (b) মিউটেশন তত্ত্ব (c) প্রাকৃতিক নির্বাচন (d) যোগ্যতমের উদবর্তন

16. নীচের কোনটিকে 'সাদা কয়লা' বলে?
(a) পেট্রোলিয়াম (b) গ্রাফাইটহীন কয়লা (c) জলবিদ্যুৎ (d) সাদা খনিজতেল

17. 'পিটারম্যান হিমবাহ' কোথায় আছে?
(a) কানাডা (b) ওশিয়ানিয়া (c) গ্রিনল্যান্ড (d) চিন

18. পানীয় জলে কোন দূতকের প্রভাবে 'ব্ল্যাকফুট' রোগ দেখা যায়?
(a) $ASO_3^{3-}$ (b) $NO_3$ (c) $PO_4^{3-}$ (d) $F_2O^{-2}$

19. সম্প্রতি অবসর নেওয়া ক্লাউদিও মার্সিসিও কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন?
(a) ক্রিকেট (b) ফুটবল (c) হকি (d) ব্যাডমিন্টন

20. নীচের কোন জোড়াটি সঠিক নয়?
(a) বুদ্ধচরিত — অশ্বঘোষ (b) দায়ভাগ — জীমূতবাহন (c) মিতাক্ষরা — বিষ্ণু শর্মা (d) গৌড়বাহো — বাকপতি

21. A – B মিল করলে কোন বিকল্পটি সঠিক?

| A | B |
|---|---|
| 1. জৈব অ্যাসিড | i. অ্যাসেটিক অ্যাসিড |
| 2. জারক অ্যাসিড | ii. গাঢ় সালফিউরিক অ্যাসিড |
| 3. মৃদু অ্যাসিড | iii. ফসফরিক অ্যাসিড |
| 4. ত্রি-ক্ষারীয় অ্যাসিড | iv. সাইট্রিক অ্যাসিড |

(a) 1 – i, 2 – ii, 3 – iii, 4 – iv (b) 1 – iv, 2 – ii, 3 – i, 4 – iii (c) 1 – iv, 2 – iii, 3 – ii, 4 – i (d) 1 - ii, 2 – iv, 3 – i, 4 – iii

22. নীচের কোনটি পতঙ্গপরাগী ফুলের উদাহরণ?
(a) ধান (b) সূর্যমুখী (c) পলাশ (d) গম

23. নীচের কোন সংস্থাটির সদর দফতর প্যারিসে অবস্থিত?
(a) WHO (b) UNESCO (c) SAARC (d) OPEC

24. 2019 সালে অর্থনীতিতে 'নোবেল' পদকজয়ী অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়ের জন্ম কত সালে?
(a) 1951 (b) 1965 (c) 1961 (d) 1966

25. বায়ুমণ্ডলের চাপ বাড়লে বাষ্পমোচনের হারের কী বদল হবে?
(a) অপরিবর্তিত থাকবে (b) বাড়বে (c) কমবে (d) প্রথমে বাড়বে, তারপর কমবে

26. নীচের কোনটি দক্ষিণ ভারতের পারমাণবিক শক্তিকেন্দ্র?
(a) কালপক্কম (b) ডিগবয় (c) জইতাপুর (d) সুরজপুর

27. নীচের কোনটি 'সাহিত্য আকাদেমি' পুরস্কারপ্রাপ্ত বই?
(a) সেইসময় (b) বাবরের প্রার্থনা (c) যতদূরেই যায় (d) সবগুলিই

28. 'এন্টামিবা' থাকে আমাদের —
(a) যকৃতে (b) অন্ত্রে (c) পাকস্থলীতে (d) সবজায়গায়

29. 'স্টোমাট্যাক্টিভ' বাষ্পমোচন দেখা যায় কার মধ্যে?
(a) আম (b) জাম (c) ঘৃতকুমারী (d) সবকটি

30. 'ট্যাপেটাম লুসিডাম' থাকে —
(a) সাপের মাথায় (b) হরিণের চোখে (c) বাঘের চোখে (d) কুনোব্যাঙের হৃদপিণ্ডে

31. 'করপাস কলোসাম' আমাদের কোথায় থাকে?
(a) রেটিনার ডানদিকে (b) নাসিকার অন্দরে (c) গুরুমস্তিষ্কে (d) ফুসফুসের পিছনে

32. 'The English Patient' উপন্যাসটির রচয়িতা কে?
(a) ফিলিপ মাইকেল ওনদাতজে (b) ঝুম্পা লাহিড়ী (c) অমিতাভ ঘোষ (d) ভি.এস.গিরি

33. কোন উদ্ভিদ অস্থানিক মূলের মাধ্যমে অঙ্গজ জনন করে?
(a) পাথরকুচি (b) রাঙা আলু (c) ঈস্ট (d) কোনোটিই নয়

34. 'Abilities of Man' বইটির রচয়িতা কে?
(a) ড্যানিয়েল গোলম্যান (b) রেমন্ড ক্যাটেল (c) চার্লস স্পিয়ারম্যান (d) এডওয়ার্ড থর্নডাইক

35. উপেন, দিবাকর ও সাবিত্রী — কোন বিখ্যাত উপন্যাসের চরিত্র?
(a) পথের দাবী (b) আনন্দমঠ (c) পল্লীসমাজ (d) চরিত্রহীন

36. গোপালকৃষ্ণ গোখলে কবে ভারত সেবক সংস্থা গড়ে তোলেন?
(a) 1905 (b) 1907 (c) 1910 (d) 1915

37. নীচের কোন ঐতিহাসিক তথ্যটি সঠিক নয়?
(a) 1530 – বাবরের মৃত্যু (b) 1605 – আকবরের রাজ্যাভিষেক (c) 1582 – দীন-ই ইলাহি প্রবর্তন (d) 1707 – ঔরঙ্গজেবের মৃত্যু

38. কত সালে ভারতে প্রথম কয়লা তোলা হয়?
(a) 1774 (b) 1794 (c) 1805 (d) 1911

39. নীচের কোন বইটি 'জাতীয়তাবাদের গীতা' নামে খ্যাত?
(a) পল্লীসমাজ (b) পথের দাবী (c) আনন্দমঠ (d) বর্তমান ভারত

40. 'Kargil : Untold Stories from the War' বইটির লেখক কে?
(a) রচনা বিস্ত রাওয়াত (b) মৃনাল ঠাকুর (c) প্রকাশ কোভেলামুদি (d) লক্ষ্মী মাঞ্চু

41. সংবহনতন্ত্র নেই এমন বহুকোষী প্রাণী কোনটি?
(a) স্পঞ্জ (b) হাইড্রা (c) দুটিই (d) কোনোটিই নয়

42. 'লিগনাইট' কয়লায় কার্বনের পরিমাণ কত শতাংশ?
(a) 70% (b) 15% (c) 20% (d) 90%

43. 'Moeritherium' কোন প্রাণীর আদিমতম পূর্বপুরুষের নাম?
(a) ঘোড়া (b) তিমি (c) বাঘ (d) হাতি

44. 'World Health Organization' কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1948 (b) 1911 (c) 1970 (d) 1905

45. প্রতি লিটার জলে দ্রবীভূত জৈব পদার্থের সম্পূর্ণ জারণের জন্য প্রয়োজনীয় অক্সিজেনকে (mg এককে) কী বলে?
(a) DOD (b) COD (c) BOD (d) WOD

46. অ্যানিলিডা ও আর্থোপোডার মধ্যে সংযোগরক্ষাকারী প্রাণী কোনটি?
(a) পেরিপেটাস (b) প্লাটিপাস (c) হাইড্রা (d) কোনোটিই নয়

47. HCl, $HNO_3$ ও $H_2SO_4$ এর মধ্যে কোনটি সবথেকে বেশি উদবায়ী?
(a) HCl (b) $HNO_3$ (c) $H_2SO_4$ (d) কোনোটিই নয়

48. 'পালভিল্লি' দেখতে পাওয়া যায় —
(a) সাপের মাথায় (b) আরশোলার গমনঅঙ্গে (c) ব্যাঙের অন্ত্রে (d) মানুষের চোখে

49. 'Map' কথাটির উৎপত্তি লাতিন শব্দ 'ম্যাপ্পা' থেকে। এটির অর্থ কী?
(a) পতাকা (b) কাপড় (c) চিত্র (d) অবস্থান

50. গ্রিসে, ভারতের রাষ্ট্রদূত এখন কে?
(a) অমৃতা সিং (b) রোজিনা সানা (c) অমৃত লুগুন (d) মহম্মদ সাকাম

51. ভারত সরকার কত সালে 'ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফোর্স' (NDRF) গঠন করে?
(a) 1911 (b) 2000 (c) 2005 (d) 2011

52. প্রতিবছর কমপক্ষে কতবার বিধানসভার অধিবেশন ডাকতে হয়?
(a) 6 (b) 5 (c) 1 (d) 2

53. আলাস্কার 'হুবার্ড' পৃথিবীর বৃহত্তম —
(a) পার্বত্য হিমবাহ (b) অবিরাম আগ্নেয়গিরি (c) উষ্ণস্রোত (d) মিষ্টি জলের হ্রদ

54. কত সালে 'ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন' (NTPC) গঠিত হয়?
(a) 1980 (b) 1975 (c) 1977 (d) 1907

55. তেলের কোন ধর্মের জন্য ল্যাম্পের তেল পলতের মধ্যে দিয়ে উঠে জ্বলতে থাকে?
(a) সান্দ্রতা (b) অভিকর্ষ (c) পৃষ্ঠটান (d) কোনোটি নয়

☞ এরপর ১৫ পাতায়


চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??

● চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।

● প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।

● এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।

● এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।

● একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।


মহঃ আলাউদ্দিন

নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ধান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। শুরু থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং কেন্দ্রে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১৯ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়তলা হিরালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।


সুমন সরকার

নদিয়া জেলার হরিণঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।


অনিমেষ বিশ্বাস

নদিয়া জেলার কালীনাথপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। গ্রুপ স্টাডি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিআইএস সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

### কর্মখালি

Pvt. Ltd Factoryতে ITI / Diploma শিক্ষাপ্রাপ্ত, দক্ষ, ফিটার লেদম্যান, ওয়েল্ডার ট্রেডে এছাড়াও পিওন, হাউস কিপিং ও লোডার পদে পরিশ্রমী ছেলে দরকার। যোগাযোগ : Watertech Engineers Pvt. Ltd., 1A, RSM Sq., Kolkata- 700013. Ph: (033) 2225 5346 E-mail - info@grwpumps.com

SH (S)

**স্টার হোটেলে চাকরি**

কম খরচে ট্রেনিং, সরাসরি জয়েনিং। বেতন, থাকা-খাওয়া ফ্রী। BIHM, বোলপুর- 9474833208

UM

**সরাসরি কর্মী নিয়োগ**

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**

শূন্যপদ - ১৩০। 3 Star এবং 5 Star হোটেল-এ বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। PF, ESI, থাকা ও খাওয়ার সুবিধা আছে। বেতন - 12792/- – 16792/-. M - 8609637802.

SA

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### কর্মখালি

Urgently reqd. 2/3 yrs. exp. sales persons in WB for dealership of construction equipments. M- 9073333750

SH(S)

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

**মার্চেন্ট নেভিতে চাকরি**

**Govt. Regd. - 324745**

দেশ-বিদেশে জাহাজ ও বিভিন্ন বন্দর অঞ্চলে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতানুসারে ১২টি পদে জয়েনিং। বেতন - 17800/- – 30500/- ও অভিজ্ঞদের জন্য 48600/-. থাকা-খাওয়া সব কোম্পানির। এছাড়া OT, PF, ESI, মেডিকেল, ইন্স্যুরেন্স আছে। ৩ মাসে ২০ দিন ছুটি আছে। শিয়ালদহ। 033 - 2241-0356, 8697051323. বি:দ্র: জয়েনিং-এর সময় পুলিশ ভেরিফিকেশন আবশ্যক

D


### দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।


প্রতি শনিবারের

**কর্মসংস্থান**

এখন প্রতি বুধবার বেরোয়

বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগামী ৯ নভেম্বর সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ২ নভেম্বর, বিকেল ৫টার মধ্যে। একমাত্র পত্রিকা দফতরে। প্রতি রবিবার অফিস বন্ধ।

**এক জানালায়**

বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য

কর্মসংস্থান, সফল ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**

**UNIQUE MEDIA CHANNEL**
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**

**Manorama Ad Agency**
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**

**SUPRIYA PUBLICITY**
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**

**Authenza Media Infotech Pvt. Ltd.**
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে
9874922004


## চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইংলিশ

**Direction (Qs. 1–5) :** *Read the following passage carefully and answer the questions given below it.*

If the census tells us that India has two or three hundred languages, it also tells us, I believe, that Germany has about fifty or sixty languages. I do not remember anyone pointing out this fact in proof of the disunity or disparity of Germany. As a matter of fact, a census mentions all manner of petty languages, sometimes spoken by a few thousand persons only, and often dialects are classed for scientific purposes as different languages. India seems to me to have surprisingly few languages, considering its area. Compared to the same area in Europe, it is far more closely allied in regard to language, but because of widespread illiteracy, common standards have not developed and dialects have formed... The principal languages of India are Hindustani (of the two varieties, Hindi and Urdu), Bengali, Gujarati, Marathi, Tamil, Telugu, Malayalam and Kannada. If Assamese, Oriya, Sindhi, Kashmiri, Pushtu and Punjabi are added, the whole country is covered except for some hill and forest tribes. Of these, the Indo-Aryan languages, which cover the whole north, centre and west of India, are closely allied, and the southern Dravidian languages, though different, have been greatly influenced by Sanskrit, and are full of Sanskrit words.

1. In the passage the author
(A) compares India with Germany (B) defends the multilingual situation of India (C) criticises the illiteracy in India (D) classifies the Indian languages

2. One of the reasons why there are many dialects in India is
(A) vast area (B) population (C) more communities (D) illiteracy

3. The Dravidian languages have been greatly influenced by Sanskrit. This
(A) makes them inferior to the Indo-Aryan languages
(B) makes them superior to the Indo-Aryan languages
(C) brings them close to the Indo-Aryan languages (D) makes them very different from the other Indian languages

4. Which of the following statements is true according to the given passage?
(A) India has far too many languages (B) India is a vast country with not too many languages (C) India has as many languages as Europe does (D) Indian languages are not as well developed as those of Europe

5. Which of the following is not true reference to the passage?
(A) Census mentions all manner of pertly languages (B) India has few languages compared to its area (C) The Indo-Aryan languages are closely allied (D) The Sanskrit has not been influenced by other languages

**Direction (Qs. 6–10) :** *In the questions given below choose the word most opposite in meaning to the given word and mark it in the Answer-Sheet.*

6. **Infructuous**
(A) Productive (B) Customary
(C) Repudiate (D) Declining

7. **Internecine**
(A) Deadly (B) constructive (C) Offence (D) Devotion

8. **Stridency**
(A) Loudness (B) Elastic (C) Euphony (D) Thick

9. **Acerb**
(A) Acidic (B) Eulogy (C) Supervise (D) Amiable

10. **Prolix**
(A) Tedious (B) Baleful (C) Precise (D) Clear

**Direction (Qs. 11–15) :** *In the following questions, out of the four alternatives, choose the one which best expresses the meaning of the given word.*

11. **Revelry**
(A) Bereavement (B) Debauch
(C) Self-Control (D) Repel

12. **Traverse**
(A) Frustrate (B) Assist
(C) Security (D) Repair

13. **Entity**
(A) Firm (B) Existence
(C) Obstinate (D) Ravage

14. **Modulate**
(A) Divulged (B) Coordinal
(C) Attune (D) Marginal

15. **Improvident**
(A) Judicious (B) Imprudent
(C) Aprentice (D) Veteran

**Direction (Qs. 16–20) :** *In the following questions four alternatives are given for the idiom / phrase. Choose the alternative which best expresses the meaning of the idiom / phrase.*

16. A skeleton in one's cupboard
(A) A skeleton in a closet (B) A secret murder (C) Something embarrassing kept as secret (D) Hidden skeleton

17. A storm in a tea cup
(A) Impending storm (B) Excitement over something trivial (C) Danger to come (D) Something trivial but important

18. Foar in the mouth
(A) Bitten by snake (B) To reveal the secret (C) Extreme hatred (D) to be furious

19. Have the last laugh
(A) Be of a cheerful nature (B) Laugh only after understanding something (C) To be victorious at the end of an argument (D) To crack the final joke

20. Turn a deaf year
(A) Disregard (B) Disobey
(C) Defy (D) Dismiss

**Direction (Qs. 21–25) :** *In questions given below, a part of the sentence is highlighted. Below are given alternatives to the highlighted part at (A), (B) and (C) which may improve the sentence. Choose the correct alternative. In case no improvement is needed your answer is (D).*

21. An overdose of any medicine is **enough fatal** to a plant as to a man.
(A) too fatal (B) so fatal
(C) as fatal (D) No improvement

22. There is nothing **quiet miserable** than illiteracy in youth.
(A) as miserable (B) very miserable
(C) more miserable (D) No improvement

23. My brother in-law has a house **for letting.**
(A) for letting out (B) to rest out
(C) to let (D) No improvement

24. After a few hours, the unconscious patient began **to came out.**
(A) round up (B) on
(C) up (D) No improvement

25. She **is having a lot** of money.
(A) has lot of (B) as a lot of (C) is having a lot of (D) No improvement

**Direction (Qs. 26–30) :** *In the following questions groups of four words are given. In each group, one word is wrongly spelt. Find the wrongly spelt word.*

26. (A) Impregnable (B) Impostor
(C) Improbable (D) Implausible

27. (A) Allowance (B) Allusion
(C) Altogether (D) Alternative

28. (A) Tenure (B) Trignometry
(C) Thallim (D) Turquoise

29. (A) Involuntary (B) Anxiety
(C) Recuperate (D) Languish

30. (A) Vanish (B) Viral
(C) Various (D) Varity

**Direction (Qs. 31–35) :** *In questions below out of the four alternatives, choose the one which can be substituted for the given sentence.*

31. To send an unwanted person out of the country.
(A) Exclude (B) Ostracize
(C) Deport (D) Expatriate

32. One who has suddenly gained new wealth, power or prestige.
(A) Aristocrat (B) Affluent
(C) Maverick (D) Parvenu

33. One who thinks that human nature is essentially evil.
(A) Agnostic (B) Cynic
(C) Sceptic (D) Misogynist

34. A man of odd habits
(A) Eccentric (B) Cynical
(C) Introvert (D) Moody

35. To issue a thunderous verbal attack
(A) Languish (B) *Animate*
(C) Fulminate (D) Invigorate

### সেকেন্ডে উত্তরের কৌশল

**1(B). 2(D). 3(C). 4(B). 5(D). 6(A).** Infructuous – বিফল, অলাভজনক। **7(B).** Internecine – ধ্বংসাত্মক, মারাত্মক। **8(C).** Stridency – হঠাৎ ভীষণ জোরে শব্দ। **9(D).** Acerb – ব্যাঙ্গাত্মক। **10(C).** Prolix – দীর্ঘ/ভীষণ বড় কোনো লেখা। **11(B).** Revelry – ফূর্তিবাজ। **12(A).** Travers – অতিক্রম করা। **13(B).** Entity – সত্তা। **14(C).** Modulate – স্বরের তারতম্য। **15(B).** Improvident – অপরিণামদর্শী। **16(C). 17(B). 18(D). 19(C). 20(A). 21(C). 22(C). 23(C). 24(A). 25(B). 26(B). 27(D). 28(C). 29(A). 30(D). 31(C).** Deport. Exclude – বহিষ্কার করা, Ostracize – একঘরে করে দেওয়া। Expatriate – নির্বাসিত করা। **32(D).** Parvenu. Affluent – সমৃদ্ধশালী, Aristocrat – অভিজাত, Maverick – বাউণ্ডুলে। **33(B).** Cynic. Agnostic – অজ্ঞানবাদী। Sceptic – সন্দেহপ্রবণ। Misogynist – স্ত্রীদ্বেষী। **34(A).** Eccentric. Cynical – বিদ্রূপকারী, Introvert – অন্তর্মুখী, Moody – মেজাজি। **35(C).** Fulminate. Languish – দুর্বলতা, শক্তিহীনতা, Animate – সজীব, Invigorate – প্রাণবন্ত।

# কলকাতা পুরনিগমে ওভারশিয়র পদে কীভাবে চাকরি পেলাম

সাফল্যের সঙ্গী



**রাহুল হাঁসদা**

হুগলি জেলার উত্তরপাড়ার ছেলে আমি। স্থানীয় স্কুল থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করেছি। এরপর জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় সফল হয়ে সুপ্রিম নলেজ গ্রুপে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি.টেক কোর্সে ভরতি হই ও ২০১৬ সালে পাশ করি। বি.টেক কোর্স পাশ করার পর বিভিন্ন শিল্প সংস্থায় চাকরির সুযোগ পেয়েছিলাম কিন্তু রাজ্যের বাইরে বলে যেতে চাইনি। বরাবরই আমার লক্ষ্য ছিল নিজের রাজ্যে একটা সরকারি চাকরির। ঠিক সেই সময়ে টেকনিক্যাল চাকরির বিজ্ঞপ্তি কম বের হচ্ছিল। এজন্য নন-টেকনিক্যাল চাকরির পরীক্ষায় বসার সিদ্ধান্ত নিই। ২০১৭ সালে আমার প্রথম চাকরির পরীক্ষা স্টাফ সিলেকশনের 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের এক্সামিনেশন'। এই পরীক্ষার টায়ার ১, টায়ার ২, এমনকি টাইপ টেস্টেও কোয়ালিফাই করেছিলাম কিন্তু চূড়ান্ত পর্যায়ে বাতিল হয়ে যাই। এরপরে মাল্টি টাস্কিং, কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষায়ও ওই একই ঘটনা ঘটে। বারবার অসফল হয়ে কিছুটা ভেঙে পড়েছিলাম। নিজেকে বিশ্লেষণ করে দেখার চেষ্টা করি কোথায় আমার ঘাটতি আছে। টেনশন থেকে মুক্তি পেতে বাড়ির ছাদে রোজ হাঁটতাম।

২০১৭ সালের শেষের দিকে কলকাতা পুরনিগমের ওভারশিয়র পদের বিজ্ঞপ্তি দেখে দরখাস্ত করি। আগে এই পদে সরাসরি লোক নেওয়া হত না। বিভাগীয় পরীক্ষা বা, প্রোমোশনের মাধ্যমে চাকরি হত। বি.টেক পাশ করা সত্ত্বেও ওভারশিয়র পদের জন্য আবেদন করেছিলাম। কারণ, একটা সরকারি চাকরির খুব দরকার ছিল। একদিকে বাড়ির চাপ অন্যদিকে বন্ধুরা সব একে একে চাকরি পেয়ে যাচ্ছে।

ধারাবাহিকভাবে প্রস্তুতির মধ্যে ছিলাম বলে বাড়তি চাপ নিতে হয়নি। বিভিন্ন বিষয়ের জন্য পড়েছি এইসব লেখক বা, প্রকাশনার বই — ইংরিজি গ্রামার : নীতু সিং আর এস.পি. বক্সি। অ্যারিথমেটিক্স : আর.এস. আগরওয়াল। জেনারেল স্টাডিজ : লুসেন্ট। কারেন্ট অ্যাফেয়ার্স : দৈনিক সংবাদপত্র, 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News'. এছাড়াও নিয়মিত নেট দেখে ও নানা পত্রিকা দেখে অনুশীলন করতাম।

প্রার্থী বাছাইয়ের জন্য পরীক্ষা নিয়েছিল পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় ছিল এইসব বিষয়ের প্রশ্ন : ইংরিজি, অ্যারিথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স।

ইন্টারভিউয়ের প্রস্তুতির জন্য কলকাতা পুরনিগম ও সংশ্লিষ্ট পদ সম্পর্কে সচেতন হয়েছিলাম। ইন্টারভিউ নেওয়া হয়েছিল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন ৪ জন সদস্য। শুরুতে নাম, ঠিকানা ইত্যাদি কিছু মামুলি প্রশ্নের পর জানতে চাওয়া হয় কেন বি.টেক পাশ করে এই পদে চাকরি করতে চাইছি, এতদিন কী করছিলাম, সংশ্লিষ্ট পদের কাজ সম্পর্কে আমার ধারণা ইত্যাদি বিষয়।

চূড়ান্ত সফল হয়ে গত বছর ২৬ অক্টোবর কলকাতা পুরনিগমে ওভারশিয়র পদে যোগ দিয়েছি। এই পদের মূল মাইনে : ৫,২০০-২৫,৪০০ টাকা ও গ্রেড পে ২,১০০ টাকা। এই মুহূর্তে আমি কলকাতা পুরনিগমের বোরো ৫-র ৫০নং ওয়ার্ডে জঞ্জাল বিভাগে কাজ করছি। আমার মতে, বিষয়ে প্রাথমিক ধারণা তৈরির পর ধারাবাহিক অনুশীলনই সাফল্যের একমাত্র সোপান।

## ইন্ডিয়ান অয়েলে ১৫৭৪

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন - ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন - কেমিক্যাল :** কেমিক্যাল, রিফাইনারি অ্যান্ড পেট্রো কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) ডিসিপ্লিন - মেকানিক্যাল:** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (বয়লার) ডিসিপ্লিন - মেকানিক্যাল:** ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি বা, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ডিসিপ্লিন - কেমিক্যাল:** ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি বা, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট:** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -অ্যাকাউন্ট্যান্ট :** কমার্স শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**ট্রেড অ্যাপ্রেন্টিস ডাটা এন্ট্রি অপারেটর:** উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস ডাটা এন্ট্রি অপারেটর:** উচ্চমাধ্যমিক পাশরা ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটরের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**কোন রিফাইনারিতে ক'টি শূন্যপদ :**

**ট্রেড অ্যাপ্রেন্টিস -অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ডিসিপ্লিন -কেমিক্যাল :** গুয়াহাটি ৩৪ (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৯)। বারাউনি ৮৫ (জেনাঃ ৩৮, ই.ডব্লু.এস. ৯, তঃজাঃ১৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২২)। গুজরাট ৫১ (জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ১৪)। হলদিয়া ৪০ (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৯)। মথুরা ২৫(জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬)। পাণিপথ ৬২(জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ১২, ও.বি.সি. ১৭)। ডিগবয় ৫০(জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ১৪)। বঙ্গাইগাঁও ৪২(জেনাঃ ১৭, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৩)। পারাদ্বীপ ১৮ (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ২)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) ডিসিপ্লিন - মেকানিক্যাল :** গুয়াহাটি ৫ (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)। বারাউনি ৮ (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। গুজরাট ৩৪(জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৯)। হলদিয়া ১০ (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। মথুরা ২০(জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৫, ও.বি.সি. ৫, প্রতিবন্ধী ১)। পাণিপথ ৬২ (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ১২, ও.বি.সি. ১৭, প্রতিবন্ধী ৩)। বঙ্গাইগাঁও ১১ (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। পারাদ্বীপ ৪(জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (বয়লার) ডিসিপ্লিন - মেকানিক্যাল :** গুয়াহাটি ১৪ (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)। বারাউনি ১৪ (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ৪)। গুজরাট ৮ (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। হলদিয়া ২৬(জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬)। মথুরা ১৫(জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ৪)। ডিগবয় ৫(জেনাঃ ৪, ও.বি.সি. ১)। বঙ্গাইগাঁও ৬(জেনাঃ ৩, , তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ডিসিপ্লিন -কেমিক্যাল :** গুয়াহাটি ১৫(জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)। বারাউনি ৯(জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ১, ও.বি.সি. ৩)। গুজরাট ৫১(জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ১৪)। হলদিয়া ৫০ (জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১১)। মথুরা ২৫ (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৬, ও.বি.সি. ৬)। পাণিপথ ৫৮ (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ১১, ও.বি.সি. ১৬)। ডিগবয় ৫ (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। বঙ্গাইগাঁও ১৮ (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)। পারাদ্বীপ ৪০ (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৫)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ডিসিপ্লিন -মেকানিক্যাল :** গুয়াহাটি ১৩(জেনাঃ ৬, ই.ডব্লু.এস.১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, প্রতিবন্ধী ১)। বারাউনি ৯(জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ১, ও.বি.সি. ৩, প্রতিবন্ধী ১)। গুজরাট ৩৪(জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৯, প্রতিবন্ধী ২)। হলদিয়া ১০ (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। মথুরা ২০ (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৪, ও.বি.সি. ৬, প্রতিবন্ধী ১)। পাণিপথ ১২ (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, প্রতিবন্ধী ১)। ডিগবয় ৩০ (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৯, প্রতিবন্ধী ১)। বঙ্গাইগাঁও ৩০ (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ৩, ও.বি.সি. ৯, প্রতিবন্ধী ২)। পারাদ্বীপ ৬(জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস - ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল :** গুয়াহাটি ১৭(জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, প্রতিবন্ধী ২)। বারাউনি ৯(জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ১, ও.বি.সি. ৩, প্রতিবন্ধী ১)। গুজরাট ৪২(জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ১১, প্রতিবন্ধী ২)। হলদিয়া ১০ (জেনাঃ ৪, ই.ডব্লু.এস.১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি.২, প্রতিবন্ধী ১)। মথুরা ২০(জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৪, ও.বি.সি. ৬, প্রতিবন্ধী ১)। পাণিপথ ৫৫(জেনাঃ ২৫, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ১১, ও.বি.সি. ১৪, প্রতিবন্ধী ৩)। ডিগবয় ৩০(জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৮, প্রতিবন্ধী ১)। বঙ্গাইগাঁও ১২(জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, প্রতিবন্ধী ১)। পারাদ্বীপ ২০ (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৩, প্রতিবন্ধী ২)।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস - ডিসিপ্লিন -ইনস্ট্রুমেন্টেশন :** গুয়াহাটি ৫(জেনাঃ ৩, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। বারাউনি ৮(জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। গুজরাট ২২(জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৬, প্রতিবন্ধী ২)। হলদিয়া ১০(জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। মথুরা ১৫(জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, ও.বি.সি. ৪, প্রতিবন্ধী ১)। পাণিপথ ৯(জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। ডিগবয় ১১(জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। বঙ্গাইগাঁও ৯(জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। পারাদ্বীপ ৭(জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১ ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট :** গুয়াহাটি ১০(জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। বারাউনি ৫(জেনাঃ ৩, তঃজাঃ১, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)। গুজরাট ১১(জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, প্রত্যবন্ধী ২)। হলদিয়া ৯ (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। মথুরা ১০ (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, প্রতিবন্ধী ১)। পাণিপথ ৭(জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)। ডিগবয় ১০(জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। বঙ্গাইগাঁও ১০(জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১ তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, প্রতিবন্ধী ১)। পারাদ্বীপ ৩(জেনাঃ ২, তঃজাঃ ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -অ্যাকাউন্ট্যান্ট :** গুয়াহাটি ২(জেনাঃ ১, ও.বি.সি. ১)। বারাউনি ৩(জেনাঃ ২, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)। গুজরাট ৩(জেনাঃ ২, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)। হলদিয়া ৩(জেনাঃ ২, তঃজাঃ ১, প্রতিবন্ধী ১)। মথুরা ৩(জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)। পাণিপথ ৪(জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)। ডিগবয় ২(জেনাঃ ১, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)। বঙ্গাইগাঁও ২(জেনাঃ ১, ও.বি.সি. ১)। পারাদ্বীপ ৪(জেনাঃ ২ তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার) :** গুয়াহাটি ৫(জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি.১, প্রতিবন্ধী ১)। বারাউনি ৩(জেনাঃ ২, ও.বি.সি. ১)। গুজরাট ৬(জেনাঃ ৩, ই.ডব্লু.এস.১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। হলদিয়া ৫ (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি.১, প্রতিবন্ধী ১)। মথুরা ৫(জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)। পাণিপথ ৫(জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ডিগবয় ৫(জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, , তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। বঙ্গাইগাঁও ৫(জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। পারাদ্বীপ ৩(জেনাঃ ২,তঃউঃজাঃ ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার) :** গুয়াহাটি ৪(জেনাঃ ৩, ও.বি.সি. ১)। বারাউনি ৩(জেনাঃ)। গুজরাট ৫ (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। হলদিয়া ৪ (জেনাঃ ২, তঃজাঃ ১)। মথুরা ৫(জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। পাণিপথ ৪(জেনাঃ ৩, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)। ডিগবয় ৪(জেনাঃ ৩, ও.বি.সি. ১)। বঙ্গাইগাঁও ৪(জেনাঃ ২,তঃজাঃ ১, ও.বি.সি. ১)। পারাদ্বীপ ৩(জেনাঃ ২, তঃজাঃ ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৫-১১-২০১৯'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

১২ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ২৪ নভেম্বর। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। লিখিত পরীক্ষায় ৪০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। অ্যাডমিট কার্ড ডাউনলোড করবেন ২০ নভেম্বর থেকে ২৩ নভেম্বর পর্যন্ত। ফল বেরোবে ২৯ নভেম্বর। সার্টিফিকেট ভেরিফিকেশন হবে ৪ ডিসেম্বর থেকে ১১ ডিসেম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে ১৫ নভেম্বর পর্যন্ত, এই ওয়েবসাইটে : www.iocl.com যে কোনো একটি রিফাইনারির জন্য দরখাস্ত করবেন। দরখাস্ত করার আগে এইসব প্রমাণপত্র স্ক্যান করবেন : (ক) জন্ম-সার্টিফিকেট, (খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, (গ) কাস্ট সার্টিফিকেট, (ঘ) সাদা কাগজে কালো কালি দিয়ে সিগনেচার করে স্ক্যান করবেন, (ঙ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


## টি. আর্মি / বহরমপুর আর্মি র‍্যালি ও রাজ্য পুলিশের লিখিত পরীক্ষার প্রস্তুতি

ইতিমধ্যে যারা টেরিটোরিয়াল আর্মি র‍্যালিতে মাঠ ও মেডিক্যালে ফিট হয়েছেন এবং যেসব প্রার্থী বহরমপুর আর্মি র‍্যালিতে মেডিক্যালে ফিট হবেন তাদের লিখিত পরীক্ষার প্রস্তুতির জন্য ভর্তি চলছে। এছাড়াও যেসব কোর্সে ভর্তি চলছে : রাজ্য পুলিশ কনস্টেবল / দিল্লি পুলিশ ও এস.আই (Pre/Mains), CISF Head Constable ও Tradesman, Navy, Airforce (X & Y), Coast Guard। পরবর্তী ব্যাচ ১, ৫, ৮ ও ১২ নভেম্বর'১৯। ট্রেড অনুযায়ী বিষয়ভিত্তিক পৃথক ক্লাস। ইংরেজি এবং বাংলাতে কমনযোগ্য স্টাডি মেটেরিয়ালস ও সাপ্তাহিক টেস্ট। দুর্বল প্রার্থীদের ফিজিক্স, কেমেস্ট্রি, অঙ্ক, ইংরেজি ও মাঠের প্রস্তুতিতে বিশেষ নজরদারি। নিজস্ব হোস্টেলে থাকা-খাওয়ার সুব্যবস্থা। যোগাযোগ : ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমি (H.O.)- ৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-২৮, ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫।

## নেভিতে ১৪৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

**ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেন্টেন্যান্স :** আই.টি.আই. থেকে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেন্টেন্যান্স, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম মেন্টেন্যান্স, ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**ইন্সট্রুমেন্ট মেকানিক :** আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**মেশিনিস্ট :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**মেরিন ইঞ্জিন ফিটার :** আই.টি.আই. থেকে মেরিন ইঞ্জিন ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**বিল্ডিং মেন্টেন্যান্স টেকনিশিয়ান :** আই.টি.আই. থেকে ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাক্টর) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**মেকানিক ডিজেল :** আই.টি.আই. থেকে মেকানিক ডিজেল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স :** আই.টি.আই. থেকে মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**মেকানিক মোটর ভেহিক্যাল :** আই.টি.আই. থেকে মেকানিকল মোটর ভেহিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. :** আই.টি.আই. থেকে মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**পেইন্টার (জেনারেল) :** আই.টি.আই. থেকে পেইন্টার জেনারেল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**পাইপ ফিটার :** আই.টি.আই. থেকে প্লাম্বার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**টেলর (জেনারেল) :** আই.টি.আই. থেকে সিউয়িং টেকনোলজি বা, ড্রেস মেকিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**টার্নার :** আই.টি.আই. থেকে টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)।

**শিট মেটাল ওয়ার্কার :** আই.টি.আই. থেকে শিট মেটাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) :** আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**রিগার :** ক্লাস এইট পাশরা যোগ্য। আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে ভালো হয়। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**শিপরাইট স্টিল :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

ওপরের সব ক্ষেত্রে জন্ম-তারিখ হতে হবে ১-৪-২০২০'এর হিসাবে ১৪ থেকে ২১ বছরের মধ্যে অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১-৪-১৯৯৯ থেকে ৩১-৩-২০০৭'এর মধ্যে। তপশিলীরা বয়সে ৫ বছর আর নাভ্যাল সিভিল বা, আর্মড ফোর্সের ছেলেমেয়েরা ২ বছর বয়সে ছাড় পাবেন। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫০ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা ও অন্তত ৪৫ কেজি ওজন। দৃষ্টিশক্তি দরকার দু'চোখে ৬/৬ থেকে ৬/৯। ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসেস আইন অনুযায়ী ১ থেকে ২ বছরের ট্রেনিং। যাঁরা আগে কোনো সরকারি, আধা-সরকারি বা, বে-সরকারি সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা, নিচ্ছেন, তাঁরা আবেদনের যোগ্য নন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। ছেলেদের হস্টেল আছে। ট্রেনিং শুরু আগামী বছর ১ এপ্রিল।

মাধ্যমিক ও আই.টি.আইয়ের পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে বাছাই প্রার্থীদের ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে লিখিত পরীক্ষা হবে। প্রশ্ন হবে অঙ্ক, জেনারেল সায়েন্স, জেনারেল নলেজ বিষয়ে। সফল হলে ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা হবে। ইন্টারভিউয়ের সময় সব প্রার্থীই যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন।

প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in এজন্য পাশপোর্ট মাপের রঙিন ফটো, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা, জন্ম-তারিখ ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তারপর ওই দরখাস্ত ডাকে পাঠাতে হবে ১ ডিসেম্বরের মধ্যে। তখন সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Officer -In Charge, Dockyard Apprentice School, NSRY, Naval Base PO, Karwar, Karnataka-581 308.

নার্সিং জয়েন্ট
জেনপা- ২০২০/২১
স্পেশাল প্রশিক্ষণ, মকটেস্ট ও সরকারি কলেজে চান্স।
Head : Dr. R. Sahani (M.D.)
2019 জেনপাতে আমাদের যে 17 জন 100 এর মধ্যে Rank করেছে তারা A.O.I সংগ্রহ করো।
Medi Guide
বেলঘরিয়া। বারাসাত। গড়িয়া
কল্যাণী। হাওড়া। বর্ধমান
ভর্তি চলছে : 7044647798

NEET
IIT JEE
জীবনের একমাত্র লক্ষ্য যাদের IITian বা Doctor হওয়া, তাদের জন্য বিশেষ প্রশিক্ষণ ও মকটেস্ট
Head : Dr. R. Sahani (M.D.)
Mentor : A. Roy (IITian)
Medi Guide
নিরলস পরিশ্রমের মানসিকতা ও লক্ষ্যপূরণের জন্য তাগিদ থাকলে তবেই যোগাযোগ করুন, তা না হলে যোগাযোগ নিষ্প্রয়োজন, কারণ IIT বা Medical এ পেতে সত্যিই একনিষ্ঠ পড়াশোনার প্রয়োজন।
Ph: 7044647798

পরপর ১৪ বার ১* নম্বরে
সব সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক বাংলা পত্র-পত্রিকার মধ্যে
আবার সর্বাধিক বিক্রির রেকর্ড
কর্মসংস্থান
এখন প্রতি সপ্তাহে বুধবার বেরোয়
*As per ABC(Audit Bureau of Circulations) Jan.-June 2019

## প্রাইমারি টিচার পদে হাই কোর্টের রায়ে ২৫৭৭টি শূন্যপদের জন্য ১৩০ জন প্রার্থীর দরখাস্ত নেওয়া হল

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ ২২ অক্টোবর এক বিজ্ঞপ্তিতে জানান, কলকাতা হাই কোর্টের বিচারপতি সমাপ্তি চ্যাটার্জীর রায়ে ১৩০ জন প্রার্থীকে 'প্রাইমারি টিচার' পদের জন্য নতুন করে দরখাস্ত করার অনুমতি দিয়েছে। ২০১৭ সালে প্রতিভা মন্ডল-সহ প্রায় কয়েকশো প্রার্থী ২০১৬ সালের 'টেট'এর ও.এম.আর. শীট পুনর্মূল্যায়ণের জন্য কলকাতা হাই কোর্টে মামলা করেন (W.P. No. 23006(W) of 2017 (Prativa Mondal -Vs-The State of West Bengal & Ors). তাঁদের দাবি ছিল, তাঁরা ভালো পরীক্ষা দিয়েও সফল হতে পারেনি। তাই তাঁদের 'টেট'এর ও.এম.আর. শীট আবার মূল্যয়ণ করা হোক। কলকাতা হাই কোর্টের নির্দেশ অনুযায়ী ওইসব প্রার্থীদের ও.এম.আর. শীট মূল্যায়ণ করে প্রায় ১৩০ জন প্রার্থী ওই 'টেট'এ সফল হন।

২৬-১১-২০১৮, ২০-১২-২০১৮, ০৬-০২-২০১৯ ও ১৩-২-২০১৯ তারিখে কলকাতা হাই কোর্টের রায় অনুযায়ী ২০১৬ সালের প্রাইমারি টিচার্স রিক্রুটমেন্ট নিয়মানুযায়ী ১৩০ জন প্রার্থীকে আবার নতুন করে ইন্টারভিউ নিয়ে নিয়োগ করার নির্দেশ দেন।

ওই ১৩০ জন প্রার্থীই মোট ২,৫৭৭ শূন্যপদের জন্য দরখাস্ত করতে পারবেন। দরখাস্ত নেওয়া হয়েছে ২৯ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbbpe.org প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর, 'টেট'এর নম্বর আর অন্যান্য যোগ্যতার নম্বর যোগ করে মেধা তালিকা তৈরি হবে। তারপর হবে ১০ নম্বরের (ভাইভা ও অ্যাপ্টিটিউট টেস্ট) হবে। শূন্যপদ আছে ২,৫৭৭টি। এর মধ্যে আলিপুরদুয়ারে ৩২টি, বাঁকুড়ায় ৪২টি, বীরভূমে ৮০টি, বর্ধমানে ১৮৬টি, কোচবিহারে ১০৫টি, দক্ষিণ দিনাজপুরে ৭৩টি, হাওড়া ১১১টি, হুগলি ১০২টি, জলপাইগুড়ি ১১৩টি, কলকাতা ২১৭টি, মুর্শিদাবাদ ১৫২, নদিয়া ৬৫, উত্তর ২৪ পরগনা ২৮৩টি, পূর্ব মেদিনীপুর ২০টি, পশ্চিম মেদিনীপুর ৩৫, পুরুলিয়া ৫৯টি, শিলিগুড়ি ৫৬টি, উত্তর দিনাজপুর ২৪১টি, মালদা ২৬৭টি, দক্ষিণ ২৪ পরগনা ৩৩৮টি।

## ১০ টেকনিশিয়ান

১ পাতার পর

অভিজ্ঞতা থাকলে যোগ্য। মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৬০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ২, তঃজাঃ ৬)।

**ল্যাব টেকনিশিয়ান :** মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। ন্যাশনাল এইডস কন্ট্রোল প্রোগ্রামে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ৬০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ২টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ৮৫ নম্বরের লিখিত পরীক্ষার মধ্যে ৫০ নম্বরের পরীক্ষায় থাকবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন, ১০ নম্বরের চিঠি লেখা, ১০ নম্বরের প্যারাগ্রাফ লেখা ও ১৫ নম্বরের কম্পিউটার টেস্ট।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in, www.murshidabad.gov.in সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, অভিজ্ঞতার সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পীড ডাকে। পৌঁছনো চাই ১৩ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Chief Medical Officer of Health, P.O.+P.S. Berhampore, Dist. Murshidabad, Pin-742101.

## ই.এস.আই হাসপাতালে ২০০

১ পাতার পর

www.pscwbonline.gov.in, www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা দেবেন। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ২২ নভেম্বরের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

## ৭৮ নার্স

১ পাতার পর

কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. নার্সিং বা, বি.এসসি. নার্সিং (পোস্ট -বেসিক) কোর্স পাশ হলেও যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশরা নার্স ও মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকলে আর ৫০ শয্যার হাসপাতালে স্টাফ নার্স হিসাবে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে অফিস অ্যাপ্লিকেশন ও স্প্রেড শীট ও প্রেজেন্টেশনে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২২-১১-২০১৯'র হিসাবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ৭৮টি (জেনাঃ ৪৫, ও.বি.সি. ৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১২, ই.ডব্লু.এস. ৮)। এই পদের পোস্ট কোড : NUR/001.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। এই পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীর নাম ধরে শর্ট লিস্ট করা হবে। তারপর ওইসব প্রার্থীদের আবার অফলাইনে দরখাস্ত করতে হবে। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল, চালানের কপি ও অন্যান্য প্রমাণপত্র।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.pgimer.edu.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী হলে ৫০০) টাকা অনলাইনে জমা দেবেন। প্রতিবন্ধীদের ফী লাগবে না। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পি.এস.সি.'র ইন্টারভিউয়ের তারিখ বদল

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের কয়েকটি পরীক্ষার ইন্টারভিউ বা, এন্ডিওরেন্স টেস্টের তারিখ বদল হয়েছে। বিজ্ঞপ্তি নং 8(3)/2018'এর মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাব) গ্রেড-।।। পদের ইন্টারভিউ হবে ৪ নভেম্বরের পদের ২৫ নভেম্বর আর ২২ নভেম্বরের বদলে ২৬ নভেম্বর। বিজ্ঞপ্তি নং 15/2018'এর ফায়ার অপারেটর পদের এন্ডিওরেন্স টেস্ট ৪ নভেম্বরের বদলে ১৮ নভেম্বর হবে। বিজ্ঞপ্তি নং 22/2018'এর স্কুলের সাব-ইন্সপেক্টর পদের ইন্টারভিউ ৪ নভেম্বরের বদলে ২ জানুয়ারি হবে। কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in

## পি.এস.সি.'র পরীক্ষা

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 16/2019'এর অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অফ লিগ্যাল মেট্রোলজি পদের প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে ১৫ নভেম্বর, বেলা ১২টা থেকে।

# কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার ইন্সপেক্টর, অডিটর, অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

পদের জন্য আবেদন করতে পারেন। তবে অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার পদের বেলায় কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার /অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের বেলায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি কোর্স পাশ কিংবা কমার্সের মাস্টার ডিগ্রি, বিজনেস স্টাডিজের মাস্টার ডিগ্রি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স), বিজনেস ইকনমিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-।।' পদের জন্য আবেদন করতে পারেন।

ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ১ জানুয়ারির মধ্যে পাশ মার্কশীট দেখাতে হবে। কোন গ্রুপে কত মাইনে ও কত বয়স থাকতে হবে :

**অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। চাকরি হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট আন্ডার ক্যাগ-এ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। চাকরি হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট আন্ডার ক্যাগ-এ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিসে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ইন্টেলিজেন্স ব্যুরোতে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ রেলওয়েতে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ এক্সটার্নাল অ্যাফেয়ার্সে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে এ.এফ.এইচ.কিউ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ /ডিপার্টমেন্টস /অর্গানাইজেশনে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ /ডিপার্টমেন্টস /অর্গানাইজেশনে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ /ডিপার্টমেন্টস /অর্গানাইজেশনে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর অফ ইনকাম ট্যাক্স।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি., 'সি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ)।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (প্রিভেন্টিভ অফিসার)।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে :৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (এক্সামিনার)।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ডিরেক্টরেট অফ এনফোর্সমেন্ট, ডিপার্টমেন্ট অফ রেভিনিউয়ে, 'বি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশনে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর পোস্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ পোস্টে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রকালয় /বিভাগ / সংস্থায়, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট /সুপারিন্টেন্ডেন্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রকালয় /বিভাগ / সংস্থায়, 'বি' শ্রেণিতে।

**ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'এর অধীন অফিসার পদে, 'বি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে, 'বি' শ্রেণিতে।

**জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার।** বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনে, 'বি' শ্রেণিতে।

**স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-।।.** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে রেজিস্ট্রার সেন্ট্রাল অফ ইন্ডিয়াতে, 'বি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি অ্যান্ড এ.জি.-তে, 'সি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি.জি.ডি.এ.-তে, 'সি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রি / ডিপার্টমেন্টসে, 'সি' শ্রেণিতে।

**অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'র অধীনে, 'সি' শ্রেণিতে।

**অ্যাকাউন্ট্যান্ট / জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে

এরপর ৯ পাতায়


**Vidyasagar University**
**MIDNAPORE-721102**

**ADMISSION NOTIFICATION**

Ref. No. : VU/R/Adv/1594/2019 Dated : 21/10/2019

Applications are invited for admission to six(6) month certificate courses (UGC approved) :- **1) Beekeeping and Management Certificate; 2) Certificate course for the Dietetics and 3) Entrepreneurship Development Certificate Course under the Community College Centre. NSQF Scheme, UGC for the academic session 2019-2020.**

For details, please visit University website **www.vidyasagar.ac.in** or contact at **8373063971**. There is no age limit and Minimum qualification is class 12 pass.

**The last date of submission form is 8th November, 2019**



**সব কোর্সে প্রি-সেন্টেনারী স্কলারশিপ** (আসন সংখ্যা সীমিত) ফোন : 9836428285

ESTD.-1920

**দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট**

ট্রেনিং পার্টনার Skill India

# TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

■* COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- নেটওয়ার্ক এক্সপার্ট *
- রাউটিং সুইচিং এক্সপার্ট *
- ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- সিসিটিভি টেকনিসিয়ান *

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

- চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং *
- অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক) *
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট *#
- স্টেনোগ্রাফি *
- অ্যাডভান্সড এক্সেল *
- ডট নেট টেকনোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *

- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান
- ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যাণ্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন } পার্ক স্ট্রিট কেন্দ্র
- আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
- টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যাণ্ড ওয়াশিং মেশিনস (Godrej দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org

6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV

মেন ক্যাম্পাস শিয়ালদা ✆ 8336939682 / 83 / 84 / 85 WhatsApp 8336939684

CENTRES

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| আগরতলা | 9436139307 | ডাকঘর | 8017522288 | মেমারি | 8777687853 | Beauty | |
| ■ আলিপুর দুয়ার | 9836408027 | ডায়মণ্ড হারবার | 8017522287 | পাণ্ডুয়া | 9831840004 | ■ ভবানীপুর | 9073952154 |
| ■ আন্দুল | 8334975533 | গুয়াহাটি | 9127066277 | ■ পুরুলিয়া | 9051110498 | ■ বর্ধমান | 8335053588 |
| ■ আসানসোল | 9051117895 | গার্ডেনরিচ | 9230613574 | ■ শিলিগুড়ি | 8335051715 | ■ বাগনান | 9051110638 |
| বেলঘড়িয়া (টেক্সম্যাকো) | 9830780280 | ■ হরিপাল | 9874136799 | ■ সোনারপুর | 9830720005 | গার্ডেনরিচ | 6290939559 |
| ■ বাগনান | 9051110638 | হাবরা | 9093037766 | সিউড়ি | 9475074332 | নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| ■ বোলপুর | 9073333262 | হলদিয়া | 9732727609 | তমলুক | 9735521383 | ■ বারাসাত (যশোর রোড) | 9073952156 |
| ■ বারাসাত (টাকী রোড) | 9674165589 | ■ জয়নগর | 9836666773 | ঠাকুরপুকুর | 8017522286 | ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 | জলপাইগুড়ি | 9434154082 | Paramedical | | ■ দুর্গাপুর | 9836428286 |
| ■ বেহালা | 9836616668 | ■ কল্যাণী | 9674165588 | বারাসাত | 8336911041 | ■ কল্যাণী | 9674165588 |
| ■ বহরমপুর | 9674165587 | ■ কৃষ্ণনগর | 9674162462 | বসিরহাট | 8910505980 | ■ খড়গপুর | 9073610876 |
| বাঁকুড়া | 9932870010 | কোন্নগর | 8697140843 | বর্ধমান | 8335053588 | ■ বহরমপুর | 9674165587 |
| ব্যারাকপুর (ফিউচার হোপ) | 9830596844 | কাকদ্বীপ | 9830077802 | বেহালা | 8336911653 | ■ গড়িয়া (বোরাল) | 9674165418 |
| বর্ধমান | 0342 2560398 | ■ খড়গপুর | 9073610876 | দুর্গাপুর | 9051111246 | ■ শিলিগুড়ি | 8335051715 |
| ■ কন্টাই | 9674165582 | ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 | লিলুয়া | 9830136688 | Interior Design | |
| ■ কুচবিহার | 9674165586 | ■ মালদা | 9674165585 | সোনারপুর | 9073727474 | পার্ক স্ট্রিট | 9073610877 |
| ■ দুর্গাপুর | 9051111246 | ■ মেদিনীপুর | 8335062606 | শিলিগুড়ি | 8335078359 | Smart Centre | |
| | | | | তারকেশ্বর | 9800119669 | ■ শ্রীরামপুর | 9073610884 |
| | | | | | | ■ বর্ধমান | 8335053588 |
| | | | | | | নাকতলা (গড়িয়া) | 9831166575 |

e-mail : queries@georgetelegraph.org
Website : www.georgetelegraph.org

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। মাকড়সার শ্বাসযন্ত্রের নাম কী — ফুসফুস বই বা, লাভ-বুক।

২। কোন কোন প্রাণীর মুক্ত সংবহন



তন্ত্র দেখা যায় — আরশোলা, চিংড়ি, শামুক।

৩। কোন প্রোটিনকে 'প্রথম শ্রেণির প্রোটিন' বলে — প্রাণীজ প্রোটিন।

৪। এটিপি অণুর অন্য নাম কী — এনার্জি কারেন্সি।

৫। ক্রেবস চক্রের প্রথম উৎপাদিত জৈব বস্তুটি কী — সাইট্রিক অ্যাসিড।

৬। নিমপাতা তেতো হয় কেন — শতকরা ১০০ ভাগ শর্করা থাকে বলে।

### পদার্থবিদ্যা

৭। কীসের সাহায্যে উল্টানো ছবি তৈরি হয় — পিন হোল ক্যামেরা।

৮। দীপ্তি প্রবাহের একক কী — লুমেন।

৯। তড়িৎ বর্তনীর কোন তারে ফিউজ তার লাগানো হয় — হালকা তারে।

১০। হীরককে উজ্জ্বল লাগে কেন — আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন।

১১। 'সরল পেরিস্কোপ'এ আলোর কোন নীতিকে কাজে লাগানো হয় — প্রতিফলন।

### রসায়ন

১২। সালফিউরিক অ্যাসিড শিল্পক্ষেত্রে কী নামে পরিচিত — অয়েল অফ ভিট্রিয়ল।

১৩। ফেরাস অক্সাইডের প্রভাবে কী বদল হয় — মরিচা ধরে।

১৪। লেবু ও কমলালেবুতে কোন অ্যাসিড থাকে — সাইট্রিক অ্যাসিড।

১৫। সাবানের তুলনায় ডিটারজেন্টে বেশি ফেনা হয় কেন — ডিটারজেন্ট জলের পৃষ্ঠটান কমিয়ে দেয়।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। শশাঙ্কের মৃত্যুর পর বাংলাদেশের রাজনৈতিক অস্থিরতাকে কী বলে — মাৎস্যন্যায়।

১৭। বিন্দুসার কোন উপাধি নিয়েছিলেন — অমিত্রঘাত।

১৮। গুপ্ত বংশের প্রথম দুই রাজার নাম কী — শ্রীগুপ্ত ও ঘটোৎকচ গুপ্ত।

১৯। সারনাথ স্তম্ভ কে তৈরি করেছিলেন — অশোক।

২০। দিল্লির আলাই দরওয়াজা কার আদেশে তৈরি হয় — আলা-উদ-দ্দীন খলজি।

২১। কে ব্যঙ্গরচনা 'মত্তবিলাস' প্রহসন লিপিবদ্ধ করেন — পল্লবরাজ মহেন্দ্রবর্মন।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২২। দক্ষিণ আফ্রিকায়, মোহনদাস করমচাঁদ গান্ধীর প্রতিষ্ঠিত আশ্রমের নাম কী — টলস্টয় ফার্ম।

২৩। জাতীয় কংগ্রেসের প্রথম ব্রিটিশ সভাপতি কে ছিলেন — জর্জ ইউল।

২৪। 'নীল কমিশন' কত সালে গঠন করা হয় — ১৮৬০।

২৫। 'পশ্চিম ভারতের সক্রেটিস' কাকে বলে — মহাদেব গোবিন্দ রানাডে।

২৬। কে 'দেশপ্রিয়' নামে অভিহিত হন



— যতীন্দ্রমোহন সেনগুপ্ত।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৭। 'ভোরঘাট পাস' ভারতের কোন রাজ্যে আছে — মহারাষ্ট্র।

২৮। ভারতের প্রথম পেট্রো-রাসায়নিক কারখানা কোথায় গড়ে উঠেছিল — ট্রম্বে।

২৯। ঝাড়খণ্ডের কোডার্মা ওগিরিডি কোন খনিজের জন্য বিখ্যাত — অভ্র।

৩০। কৃষ্ণরাজসাগর জলাধার ভারতের কোন রাজ্যে আছে — কর্ণাটক।

৩১। ভারতের কোন রাজ্যে খালের সাহায্যে সবথেকে বেশি সেচ করা হয় — উত্তর প্রদেশ।

৩২। 'তালচের তাপবিদ্যুৎ কেন্দ্র' ভারতের কোন রাজ্যে আছে — ওড়িশা।

### আন্তর্জাতিক ভূগোল

৩৩। চিনের সর্বশ্রেষ্ঠ নগর কোনটি — সাংহাই।

৩৪। মায়ানমারের দীর্ঘতম নদী কোনটি — ইরাবতী।

৩৫। বাংলাদেশ কবে স্বাধীন রাষ্ট্র হিসাবে স্বীকৃতি পেয়েছে — ১৯৭১ সালের ২৬ মার্চ।

৩৬। পাক-ই-স্তানের মধ্য দিয়ে প্রবাহিত দীর্ঘতম নদী কোনটি — সিন্ধু।

৩৭। 'রেজিস্থান মরুভূমি' কোন দেশের অন্তর্গত — আফগান-ই-স্তান।

৩৮। আরব উপদ্বীপের বৃহত্তম রাষ্ট্র কোনটি — সৌদি আরব।

৩৯। পৃথিবীর বৃহত্তম রেলওয়ে জংশন কোনটি — মস্কো।

## রাষ্ট্রনীতি

৪০। রাষ্ট্রপতিকে ইমপিচমেন্ট করতে গেলে তা কোথায় শুরু করতে হয় — সংসদের যেকোনো কক্ষে।

৪১। জম্মু ও কাশ্মীরের সরকারের প্রধান কী নামে পরিচিত — মুখ্যমন্ত্রী।

৪২। ভারতের প্রথম প্রধান বিচারপতি কে



— হরিলাল জেকিসান্ডাস কানিয়া।

৪৩। কোন আইনের মাধ্যমে ভারতীয় গণপরিষদ গঠিত হয় — ক্যাবিনেট মিশন পরিকল্পনা, ১৯৪৬।

৪৪। প্রথম প্রশাসনিক সংস্কার কমিশনের চেয়ারম্যান কে ছিলেন — মোরারজি দেশাই।

## অর্থনীতি

৪৫। ডিজিটাল পেমেন্ট বাড়ানোর জন্য, কে সম্প্রতি 'টিম ক্যাশলেস ইন্ডিয়া' প্রচারের সূচনা করলেন — 'মাস্টারকার্ড'এর প্রচারদূত মহেন্দ্র সিং ধোনি।

৪৬। কোন ব্যাঙ্ক সম্প্রতি নতুন স্থায়ী আমানত প্রকল্প 'এফডি হেলথ' চালু করল — আইসিআইসিআই ব্যাঙ্ক।

৪৭। ব্যাঙ্কের সঙ্গে পাল্লা দিতে, ডাক বিভাগ চালু করল 'ইন্ডিয়ান পোস্টাল ব্যাঙ্ক'। এর পোশাকি নাম কী — 'ডিওপি মোবাইল ব্যাঙ্কিং' (এর ফলে গ্রাহকরা এবার ঘরে বসেই অনলাইনে টাকা জমা থেকে নানা প্রকল্পের সুবিধা পাবেন)।

## সাম্প্রতিক ঘটনা

৪৮। বিশ্বের কোন শহরে সম্প্রতি হেলিকপ্টার পরিষেবা চালু করল 'উবের' কোম্পানি — নিউইয়র্ক।

৪৯। গরিব বাচ্চাদের বিনামূল্যে পড়াশোনা করানোর জন্য, ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের কাছ থেকে কে সম্প্রতি গোল্ড মেডেল পেলেন — 'আই.আই.টি রুরকি'র ছাত্র অনন্ত বশিষ্ঠ।

৫০। সিকিম হাই কোর্টের প্রধান বিচারপতি এখন কে — অরূপ কুমার গোস্বামী।

৫১। আদিবাসী মানুষদের জন্য, 'ইউনেস্কো'র শুভেচ্ছাদূত এখন কে —



মেক্সিকান অভিনেত্রী ইয়ালিৎজা অ্যাপারাসিও মার্টিনেজ।

৫২। কেরালা হাই কোর্টের প্রধান বিচারপতি এখন কে — এস. মনিকুমার।

৫৩। রাজস্থান হাই কোর্টের প্রধান বিচারপতি এখন কে — ইন্দ্রজিৎ মোহান্তি।

৫৪। ২০১৯ সালে ১৪তম ইন্দো-মঙ্গোলিয়ান যৌথ সামরিক মহড়া 'Nomadic Elephant - XIV' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — হিমাচল প্রদেশ।

৫৫। ২০১৯ সালে 'গ্লোবাল ফায়ারপাওয়ার ইনডেক্স'এ ভারতের স্থান কত — চতুর্থ (শীর্ষস্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র)।

৫৬। ভারতীয় বিমানবাহিনী সম্প্রতি তাদের কততম প্রতিষ্ঠা দিবস পালন করল — ৮৭তম (৮ অক্টোবর তারা তাদের প্রতিষ্ঠা দিবস পালন করেছে)।

৫৭। অস্ট্রেলিয়ায়, ভারতের পরবর্তী হাই কমিশনার কে — অনুমুলা গীতেশ শর্মা।

৫৮। 'ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম'এর তরফ থেকে কে সম্প্রতি 'এশিয়া এনভায়রনমেন্টাল এনফোর্সমেন্ট অ্যাওয়ার্ড' পেলেন — ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস অফিসার রমেশ পাণ্ডে।

৫৯। কোন রাজ্যে ভারতের প্রথম 'ই-ওয়েস্ট ক্লিনিক' তৈরি হতে চলেছে — ভোপাল (ভোপাল পুরসভা ও 'কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ বোর্ড' (CPCB) যৌথভাবে এটি তৈরি করবে)।

৬০। ২০১৯ সালে 'বন্যপ্রাণী সপ্তাহ'এর থিম কী ছিল — 'লাইফ বিলো ওয়াটার : ফর পিপল অ্যান্ড প্ল্যানেট' (২ অক্টোবর থেকে ৮ অক্টোবর পর্যন্ত এটি পালিত হয়েছে)।

৬১। 'গাওফেন-১০' কোন দেশের উপগ্রহ — চিন।

৬২। 'নীতি আয়োগ'এর তরফ থেকে প্রকাশিত বিদ্যালয় শিক্ষার মানোন্নয়ন-সহ যাবতীয় ব্যবস্থার সমীক্ষা রিপোর্ট অনুযায়ী, প্রাথমিক শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে দেশের সেরা রাজ্য কোনটি — কেরল (দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে রাজস্থান ও কর্ণাটক)।

৬৩। বিজু খোটে (৭৭ বছর), যিনি ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর মারা গেলেন, তিনি কে — ভারতীয় চলচ্চিত্রাভিনেতা।

৬৪। সম্প্রতি কার নামে একটি গ্রহাণুর নাম রাখল 'ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিয়ন' (IAU) — ভারতীয় সঙ্গীতশিল্পী পণ্ডিত জসরাজ (গ্রহাণুটির নাম 'পণ্ডিতযশরাজ(৩০০১২৮)'। প্রথম ভারতীয় সঙ্গীতশিল্পী হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৬৫। মহাজাগতিক বিশ্বে অসামান্য অবদানের জন্য, ২০১৯ সালে কে 'এম পি বিড়লা মেমোরিয়াল পুরস্কার' পেলেন — পদার্থবিদ থানু পদ্মনাভন।

৬৬। যৌথ সামরিক মহড়া 'কাজিন্ড-২০১৯' ভারত ও কোন দেশের মধ্যে অনুষ্ঠিত হয়েছে — কাজাখ-ই-স্তান।

৬৭। ২০১৯ সালে 'গান্ধী চলচ্চিত্র উৎসব' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — মুম্বই।

৬৮। জেসে নরম্যান (৭৪ বছর), যিনি ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর মারা গেলেন, তিনি কে — মার্কিনি অপেরা সঙ্গীতশিল্পী।

৬৯। 'প্রেস ইনফর্মেশন ব্যুরো'র (PIB) প্রিন্সিপ্যাল ডিরেক্টর জেনারেল এখন কে — কে এস ধাতওয়ালিয়া।

৭০। কে সম্প্রতি নয়ডাতে, প্লাস্টিক দিয়ে তৈরি ভারতের সবথেকে বড় চরকা উদ্বোধন করলেন — কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী স্মৃতি জুবিন ইরানি।

৭১। কে সম্প্রতি ব্রিটিশ সংসদে, 'মিডিয়া ক্ষেত্রে ভারতের সবথেকে



ক্ষমতাবান মহিলা'র সম্মান পেলেন — প্রখ্যাত সাংবাদিক কল্লি পুরী।

৭২। কোন রাজ্যের কোন শহরে সম্প্রতি ভারতের প্রথম প্লাস্টিক বর্জ্য থেকে ডিজেল তৈরির প্ল্যান্ট উদ্বোধন করলেন সাংসদ হেমা মালিনী — উত্তর প্রদেশের মথুরায়।

৭৩ 'The Tech Whisperer' বইটির লেখক কে — জসপ্রীত বিন্দ্রা।

৭৪। প্রথম 'ন্যাশনাল হিন্দি সায়েন্স রাইটার্স কনফারেন্স' ভারতের কোন রাজ্যের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — উত্তর প্রদেশের লখনৌ।

৭৫। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী সম্প্রতি কোন 'ইন্ডিয়ান এয়ার ফোর্স' মার্শালের সম্মানে স্মারক স্ট্যাম্প চালু করেছেন — অর্জন সিং।

৭৬। ইন্দোনেশিয়ার সংসদে প্রথম মহিলা অধ্যক্ষ কে — পুয়ান মহারানি নক্ষত্র কৃশলা।

৭৭। প্রতিভাধর শিশুদের দক্ষতা সমৃদ্ধ করতে উৎসাহ দেওয়ার জন্য, কেন্দ্রীয় সরকার সম্প্রতি কোন কর্মসূচি চালু করেছে — DHRUV.

৭৮। ভারতীয় সেনাবাহিনীর বৃহত্তম পর্বত যুদ্ধের মহড়া 'হিম বিজয়' কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে — অরুণাচল প্রদেশ।

৭৯। সম্প্রতি 'ফোর্বস' তালিকায় ভারতীয় ধনী ব্যক্তিদের মধ্যে কে শীর্ষ স্থান পেলেন — শিল্পপতি মুকেশ আম্বানি (তাঁর মোট সম্পত্তির পরিমাণ ৫১.৪ বিলিয়ন মার্কিন ডলার)।

৮০। ২০১৯ সালে 'নিউ ওয়ার্ল্ড হেলথ'এর রিপোর্ট অনুযায়ী, কোন শহর বিশ্বের সবথেকে ধনী শহরের তালিকায় শীর্ষস্থান পেল — নিউইয়র্ক সিটি।

৮১। কোন বিশ্ববিদ্যালয়ের গবেষকরা সম্প্রতি প্লাস্টিকখেকো ব্যাকটিরিয়ার খোঁজ পেয়েছেন — শিব নাদর বিশ্ববিদ্যালয়।

৮২। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি রূপান্তরকামীদের জন্য মাসে ৩,৫০০ টাকা বেকার ভাতা দেওয়ার ঘোষণা করল — রাজস্থান সরকার।

৮৩। কোন সংস্থা সম্প্রতি দৃষ্টিশক্তির প্রতিবন্ধকতার ওপর, বিশ্বের প্রথম রিপোর্ট প্রকাশ করল — 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' (WHO)।

৮৪। সম্প্রতি 'দ্য অর্ডার অফ দ্য গ্রিন ক্রিসেন্ট' পেলেন ভারতের উপরাষ্ট্রপতি মুপ্পাভারাপু বেঙ্কাইয়া নাইডু। এটি কোন দেশের সর্বোচ্চ বেসামরিক সম্মান — কোমোরোস।

## খেলাধূলা

৮৫। চিনে অনুষ্ঠিত ৪৪তম 'ওয়ার্ল্ড ব্রিজ চ্যাম্পিয়নশিপ'এ ভারতের সিনিয়র ব্রিজ দল সম্প্রতি কোন পদক পেল — ব্রঞ্জ (৪৪ বছরে এই প্রথমবার ব্রঞ্জ পদক পেল তারা)।

৮৬। ২০১৯ সালে 'চিন ওপন টেনিস টুর্নামেন্ট'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — জাপানের নাওমি ওসাকা (অস্ট্রেলিয়ার অ্যাশলে বার্টিকে ৩-৬, ৬-৩ ও ৬-২ ব্যবধানে হারিয়ে)।

৮৭। 'তামিলনাড়ু ক্রিকেট অ্যাসোসিয়েশন'এর (TNCA) প্রথম মহিলা প্রেসিডেন্ট কে — রূপা গুরুনাথ।

৮৮। 'মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশন'এর প্রেসিডেন্ট এখন কে — বিজয় পাতিল।

৮৯। ২০১৯ সালে চিনে অনুষ্ঠিত ৪৪তম 'ওয়ার্ল্ড ব্রিজ চ্যাম্পিয়নশিপ'এ, ৪৪ বছরে এই প্রথমবার ভারতের সিনিয়র ব্রিজ দল কোন পদক পেল — ব্রঞ্জ।

৯০। ২০১৯ সালে কে 'হিরো ইন্ডিয়ান উওমেনস ওপন গলফ' খেতাব



জিতলেন — অস্ট্রিয়ার ক্রিস্টিন উলফ।

৯১। কোন মহিলা টেনিস তারকা সম্প্রতি অস্ট্রেলিয়ার ক্রীড়াজগতের সর্বোচ্চ ব্যক্তিগত সম্মান 'দ্য ডন' পেলেন — অ্যাশলে বার্টি।

৯২। ২০১৯ সালে 'বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপ'এ, ভারতীয় বক্সার মেরি কম কোন পদক পেয়েছেন — ব্রঞ্জ।

সঙ্কলক : পলি দেওয়ান

## কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার ইন্সপেক্টর, অডিটর, অ্যাসিস্ট্যান্ট

৭ পাতার পর

হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রকালয় বা, বিভাগে, 'সি' শ্রেণিতে।

**সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট /আপার ডিভিশন ক্লার্ক।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল গভঃ অফিস/মিনিস্ট্রিজ আদার দ্যান সি.এস.সি.এস. ক্যাডারে, 'সি' শ্রেণিতে।

**ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি.-তে, 'সি' শ্রেণিতে।

**ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.-তে, 'সি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'সি' শ্রেণিতে।

**আপার ডিভিশন ক্লার্ক।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'সি' শ্রেণিতে।

২০ থেকে ২৭ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৩ থেকে ১-১-২০০০'এর মধ্যে।

৩০ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯০ থেকে ১-১-২০০২'এর মধ্যে।

২০ থেকে ৩০ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯০ থেকে ১-১-২০০০'এর মধ্যে।

১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৩ থেকে ১-১-২০০২'এর মধ্যে।

৩২ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৮ থেকে ১-১-২০০২'এর মধ্যে।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২০'র হিসাবে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর পদে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (উপজাতি ও পাহাড়ী অঞ্চলের প্রার্থী হলে ১৬০) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫০ (উপজাতি ও পাহাড়ী অঞ্চলের প্রার্থী হলে ১৪৫) সেমি। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯, কাছের বেলায় এক চোখে ০.৬ ও অন্য চোখে ০.৮। ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/এক্সামিনার/প্রিভেন্টিভ অফিসার /ইন্সপেক্টর) ও সাব-ইন্সপেক্টর (সি.বি.এন.) পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৫২.৫) সেমি, বুকের ছাতি না ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি। এই পদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার পায়ে হাঁটা আর ৩০ মিনিটে ৮ কি.মি. সাইকেল চালানো। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ (তপশিলী উপজাতি হলে ১৪৯.৫) সেমি আর ওজন হতে হবে ৪৮ (তপশিলী উপজাতি হলে ৪৬) কেজি। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২০ মিনিটে ১ কি.মি. পায়ে হাঁটা আর ২৫ মিনিটে ৩ কি.মি. সাইকেল চালানো।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2019'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ৪টি ধাপে। প্রথম (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

তৃতীয় ধাপে (থার্ড টায়ার) থাকবে পেন ও পেপার মোডে (ডেসক্রিপ্টিভ টাইপের) টেস্ট। চতুর্থ ধাপে (ফোর্থ টায়ার) থাকবে কম্পিউটার দক্ষতার পরীক্ষা বা, স্কিল টেস্ট/সার্টিফিকেট ভেরিফিকেশন।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ২ মার্চ থেকে ১১ মার্চ। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে সেন্টার কোড দেওয়া হল) : কলকাতা (সেন্টার কোড ৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), হুগলি (৪৪১৮), গ্যাংটক (৪০০১), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), পটনা (৩২০৬), রাঁচি (৪২০৫), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), ইম্ফল (৫৫০১), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), আগরতলা (৫৬০১), কোহিমা (৫৩০২), শিলচর (৫১১১), পোর্ট ব্লেয়ার (৪৮০২), সম্বলপুর (৪৬০৯), জোড়হাট (৫১০৭), চূড়াচন্দপুর (৫৫০২), মজঃফরপুর (৩২০৫)।

সব পদের বেলায় প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৪) ইংলিশ কম্প্রিহেনশন - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। মোট ১ ঘন্টার পরীক্ষা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা দিতে পারবেন।

সব পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) পেপার-I: কোয়ান্টিটেটিভ এবিলিটি -২০০ নম্বরের ১০০টি প্রশ্ন। (২) পেপার-II: ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন -২০০ নম্বরের ২০০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় ওপরের ওইসব বিষয় ছাড়াও স্ট্যাটিস্টিক্স বিষয়ের ২০০ নম্বরের ১০০টি প্রশ্নের আরো একটি পেপারের পরীক্ষা দিতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার বা, অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় ওপরের (পেপার-I ও পেপার-II) ছাড়াও জেনারেল স্টাডিজ (ফিনান্স অ্যান্ড ইকনমিক্স) বিষয়ের ২০০ নম্বরের ১০০টি প্রশ্নের আরো একটি পেপারের পরীক্ষা দিতে হবে। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে ২২ থেকে ২৫ জুন।


ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-I'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-II'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। সব ক্ষেত্রেই উত্তর দিতে হবে 'ও.এম.আর.' শীটে।

তৃতীয় ধাপের (থার্ড টায়ার) পেন ও পেপার বেসড মোডের পরীক্ষা হবে আগামী বছর ২২ জুন থেকে ২৫ জুন। এই পেপারে ডেসক্রিপ্টিভ টাইপের ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে প্রবন্ধ লেখা, প্রেসি লেখা, চিঠি লেখা ও অ্যাপ্লিকেশন লেখা ইত্যাদি। সময় থাকবে ৬০ মিনিট।

অডিটর, অ্যাকাউন্ট্যান্ট ও ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ইন্টারভিউ হবে না। তবে ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় কম্পিউটারে ঘন্টায় ৮,০০০ কী ডিপ্রেশনের গতিতে ডাটা এন্ট্রি টেস্ট নেওয়া হবে।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, www.sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবো স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমে, ২৭ নভেম্বরের মধ্যে। টাকা নগদে চালানের মাধ্যমে দিতে চাইলে চালান প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। এরপর জে.পি.জি. ফর্মাটে ফটো ও স্ক্যান করা সিগনেচার লাগবে। সবশেষে রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

CAREER POWER
AN IIT/IIM ALUMNI COMPANY
adda247
Official BankersAdda Android App
Think SSC, CGL. Think Kolkata Centre at Sealdah Big Bazar
specialised for SSC, Bank & Railway
Congratulations In 2018 from SSC CGL 3278+
BANK SSC RAILWAY
IBPS CLERK'19 Post : 12000+
Targeted Batch 5th Nov. Onwards
SSC CGL'19 Post : 10000+
Targeted Batch 4th Nov. Onwards
(Weekend Batch and Evening Batch Available)
- Extensive Classroom Programme
- Test Series @discount
- Video Courses
- Adda247 (Bankersadda) Test Series at Maximum Discounted Prices.
- E-Learning Material
- Job Alert Updates
- Doubt Clearing Facility
- Seminar & Counseling Sessions
- Gyan Sagar
- e-Mentor
- Books
- Computer Lab Facility
KOLKATA
Sealdah Commercial Complex, 5th Floor(Above Big Bazar)
Near SEALDAH RAILWAY STATION, 1-Beliaghata Main Road,
Kolkata, West Bengal-700014
Call on this No. :
9830-509-777
6292-153-702
Success speaks our excellency & their hard work

... & Next time this space for you

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ
# নজির

গত সপ্তাহের পর

১৬ অক্টোবর : ইউরোপের সেরা লিগে এক মরসুমে সবথেকে বেশি (৩৬টি) গোল করার জন্য, টানা ৩বার সোনার বুট পেলেন লিওনেল মেসি। কেরিয়ারে সবমিলিয়ে ষষ্ঠবার সোনার বুট পেলেন তিনি।

□ কেন্দ্রীয় সরকারের 'কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস' (CGA) হলেন জে.পি.এ স. চাওলা।

□ মাওবাদী অধ্যুষিত ঝাড়গ্রাম ও পুরুলিয়ায়, রাজ্য পুলিশের একটি নতুন বাহিনী তৈরির সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার। এই বাহিনীর জন্য নতুন ২,০১৪টি পদ তৈরি করা হয়েছে।

□ 'বিশ্ব ক্ষুধা সূচক'এর নিরিখে বিশ্বের ১১৭টি দেশের মধ্যে, ১০২ নম্বর স্থান পেল ভারত। এই নিরিখে পাক-ই-স্তান, বাংলাদেশ, শ্রীলঙ্কা এমনকি, নেপালের থেকেও খারাপ অবস্থা ভারতের।

ভারতের প্রথম দৃষ্টিহীন মহিলা আই.এ.এস অফিসার হয়ে নজির গড়লেন প্রাঞ্জল পাতিল। কেরালার তিরুবনন্তপুরম জেলার সাব কালেক্টর পদে



দায়িত্ব নিয়েছেন তিনি।

□ ওড়িশার প্রথম 'রোবট রেস্তরাঁ' চালু হল ভুবনেশ্বরে। এই রেস্তরাঁয় 'চম্পা' ও 'চামেলি' নামে ২টি রোবট গ্রাহকদের পরিষেবা দেবে।

□ ডিজিটাল পেমেন্ট বাড়ানোর জন্য, 'টিম ক্যাশলেস ইন্ডিয়া' প্রচারের সূচনা করলেন 'মাস্টারকার্ড'এর প্রচারদূত মহেন্দ্র সিং ধোনি।

□ ভারতীয় পোশাকের ব্র্যান্ড 'মান্যবর'এর প্রচারদূত হলেন বলিউড অভিনেতা রনবীর সিং।

□ শিশুদের পুষ্টি নিয়ে চাঞ্চল্যকর রিপোর্ট পেশ করল 'রাষ্ট্রসঙ্ঘ'এর সংস্থা 'ইউনিসেফ'। রিপোর্ট অনুযায়ী, সারা বিশ্বের প্রায় এক তৃতীয়াংশ (প্রায় ৭০ লাখ) শিশু অপুষ্টিতে ভুগছে। এইসব শিশুদের মধ্যে জরুরি ভিটামিন, খনিজ ও অন্যান্য পুষ্টি উপাদান কম রয়েছে। ১৯৯৯ সালের পর এই প্রথম 'ইউনিসেফ' শিশুদের পুষ্টি ও খাবারের মান নিয়ে রিপোর্ট প্রকাশ করল।

□ 'জাতীয় জুনিয়র ভারোত্তোলন প্রতিযোগিতা'য় ৪৯ কেজি বিভাগে সোনার পদক পেলেন বাংলার আশা শিউলি।

১৭ অক্টোবর : ভারত ও জাপানের মধ্যে শুরু হল যৌথ সামরিক মহড়া 'শিনিউ মৈত্রী'।

□ বিশ্বখ্যাত 'খন রামলীলা'র জন্য, দেশের প্রথম প্রশিক্ষণ ও প্রদর্শন কর্মসূচি আয়োজন করতে চলেছে উত্তর প্রদেশের সংস্কৃতি বিভাগ।

□ আন্তর্জাতিক ব্যাডমিন্টন থেকে অবসর নিলেন প্রাক্তন অলিম্পিক চ্যাম্পিয়ন চিনের লি জুয়ে রুই অবসর নিলেন।

১৮ অক্টোবর : পশ্চিমবঙ্গের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প আর বস্ত্রবয়ন দফতরের নতুন সচিব হলেন রাজেশ পাণ্ডে।

□ 'ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন'এর চেয়ারম্যান হলেন রজনীশ কুমার।

□ 'ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশন'এর ভাইস চেয়ারম্যান হলেন সজ্জন জিন্দাল।

□ 'ওরাকল কর্পোরেশন'এর কো-সিইও মার্ক ভিনসেন্ট হার্ড (৬২ বছর) মারা গেলেন।

□ ভুয়ো খবরের সন্ধানের জন্য, এআই ফার্ম 'লজিক্যালি'র সঙ্গে চুক্তি স্বাক্ষর করল মহারাষ্ট্র পুলিশ।

□ টি টেন ক্রিকেট টুর্নামেন্টে টিম আবুধাবির কোচ হলেন



মহাকাশের ইতিহাসে প্রথমবার পুরুষ মহাকাশচারী ছাড়া মহাকাশে পদচারণা করে নজির গড়লেন 'ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন'এর (NASA) ২ মহিলা মহাকাশচারী ক্রিস্টিনা কোখ ও জেসিকা মেয়ার।

□ 'ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ'এর প্রথম দল হিসাবে, 'রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু'র নতুন মহিলা সাপোর্ট স্টাফ হলেন নবনীতা গৌতম।

১৯ অক্টোবর : যদুনাথ সরকার ও রোমিলা থাপারের পর, তৃতীয় ভারতীয় ঐতিহাসিক হিসাবে বিখ্যাত 'আমেরিকান হিস্টোরিক্যাল অ্যাসোসিয়েশন'এর সাম্মানিক সদস্যপদের পুরস্কার পেলেন রামচন্দ্র গুহ।

□ 'ন্যাশনাল সিকিউরিটি গার্ড'এর (NSG) ডিরেক্টর জেনারেল হলেন অনুপ কুমার সিং।

□ বিশেষ বৌদ্ধ তীর্থযাত্রা শুরু করল 'ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটেরিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন'এর (IRCTC) 'বুদ্ধ সার্কিট ট্যুরিস্ট ট্রেন'। আধুনিক সুযোগসুবিধা যুক্ত এই ট্রেনটি ৮ দিনের মধ্যে ২৬টি জায়গায় ভ্রমণ করবে।

□ সৈনিক স্কুলে ২০২১-'২২ অধিবেশন থেকে মেয়েদের ভরতির প্রস্তাব অনুমোদন করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

□ ২০২২ সালে ৯১তম 'ইন্টারপোল জেনারেল অ্যাসেম্বলি'র আয়োজন করবে ভারত।

□ পার্বত্য এলাকায় উগ্রপন্থা দমনে ২ দেশের সৈনিকদের প্রশিক্ষিত করে তুলতে, মিজোরামের ওয়ারিংতেতে সেনাবাহিনীর উগ্রপন্থা দমন ও জঙ্গল যুদ্ধ প্রশিক্ষণের স্কুলে শুরু হল 'ধর্ম গার্ডিয়ান-২০১৯' নামে ভারত ও জাপানের যৌথ সামরিক মহড়া।

□ গুটখা ও পান মশলা তৈরি, সংরক্ষণ, সরবরাহ ও বিক্রির ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করল উত্তরাখণ্ড সরকার।

এরপর ১১ পাতায়

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

# 'ন্যাশনাল রেজিস্টার অফ সিটিজেন'

অসমের রাষ্ট্রহীন ১৯ লাখ লোকের ভবিষ্যৎ কী? এই চিন্তাই এখন কুরে কুরে খাচ্ছে সেখানকার বাসিন্দাদের। 'রাষ্ট্রহীন' শব্দটি যে এত প্রাণঘাতী হতে পারে, তা ২০১৯ সালের ৩১ আগস্টে এসে বুঝলেন তাঁরা। ইংল্যান্ডে 'ফরাসি বিপ্লব'এর সময় একটি প্রবাদ খুব জনপ্রিয় হয়েছিল। 'পেন ইজ মাইটার দেন সোর্ড'। কলমের এক খোঁচা লাখ লাখ লোকের পায়ের তলার মাটি ও মাথার ছাদ দুইই সরিয়ে নিল। অস্ত্রের থেকে কলমের খোঁচা সত্যিই ভয়ঙ্কর। আসুন জেনে নিই এন.আর.সি'র খুঁটিনাটি।



### 'ন্যাশনাল রেজিস্টার অফ সিটিজেন' (NRC) কী?

● 'ন্যাশনাল রেজিস্টার অফ সিটিজেন' (NRC) হল একটি নিবন্ধ, যা সব প্রকৃত ভারতীয় নাগরিকের নাম নির্ধারণ করে। এখন শুধুমাত্র অসমে এ জাতীয় নিবন্ধ রয়েছে।

● এটি অন্য সব রাজ্যেও চালু হতে পারে। নাগাল্যান্ড এরমধ্যেই এরকম একটি ডাটাবেস তৈরি করছে।

● কেন্দ্র একটি 'ন্যাশনাল পপুলেশন রেজিস্টার' (NPR) তৈরি করার পরিকল্পনা করছে, যাতে নাগরিকদের বিশদ ডেমোগ্রাফিক ও বায়োমেট্রিক থাকবে।

### অসমে 'ন্যাশনাল রেজিস্টার অফ সিটিজেন' (NRC) কী ও এর ইতিহাস?

● অসমের এন.আর.সি মূলত এই রাজ্যে বসবাসকারী ভারতীয় নাগরিকদের একটি তালিকা।

● নাগরিকদের এই নিবন্ধন বাংলাদেশের সীমান্তবর্তী রাজ্যে বিদেশি নাগরিকদের শনাক্ত করার জন্য তৈরি হয়েছে।

● ১৯৭১ সালে অসমে রক্তক্ষয়ী এক আন্দোলন শুরু করেন কলেজের ছাত্ররা।

● সংগঠনের নাম হল 'অল অসম স্টুডেন্টস ইউনিয়ন' (আসু)।

● এদের নেতা ছিলেন প্রফুল্ল মহান্ত ও ভৃগু ফুকন।

● অনেক বাঙালির প্রাণ যায় এই সময় অসমের মাটিতে বিদেশি হিসাবে গণ্য হওয়ায়।

● এরপর ওই ছাত্র নেতারা অসম গণপরিষদ গড়ে নির্বাচনে দাঁড়ান ও জয়ী হয়ে ক্ষমতায় আসেন।

● ১৯৮৫ সালে কেন্দ্রীয় সরকার ও অসম গণপরিষদের সঙ্গে এক চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তিতেই নাকি ছিল অসমের মাটিতে বিদেশিদের চিহ্নিত করা হবে ও তাঁদের জন্য ব্যবস্থা নেওয়া হবে।

● শতাব্দী পেরিয়ে গেছে ও একটা দশকও শেষ হয়ে গেছে। এইসময় এক স্বেচ্ছাসেবী সংস্থা অসমের ওপরমহলকে খবর দেয় বাংলাদেশ থেকে আসা হঠাৎ গজানো বাড়িঘর ও সেখানে থাকা নতুন মানুষদের কথা।

● এর ভিত্তিতে 'সুপ্রিম কোর্ট' নির্দেশ দেয় ব্যাপারটি দেখতে।

● ২০১৩ সালে শুরু করা কাজ। ১,২২০ কোটি টাকা খরচ হয় ৫ বছরে।

● ৫২,০০০ সরকারি কর্মচারী এই কাজের সঙ্গে জড়িত ছিলেন।

### একনজরে অসমে 'ন্যাশনাল রেজিস্টার অফ সিটিজেন'এর (NRC) সিড়িভাঙা অঙ্ক

● ২০১৩ সালে এন.আর.সি'র কাজ শুরু হয়।

● ২০১৫ সালে দরখাস্ত নেওয়া শুরু হয়।

● ২০১৭ সালের ডিসেম্বরে প্রথম তালিকা বের করা হয়।

● ২০১৮ সালে তালিকা বেরোয় ও ৪ কোটি লোকের নাম কাটা যায়।

● ২০১৮-'১৯ সালে অনেকে আবার নতুনভাবে দরখাস্ত করেন। বেশকিছু লোক এর গুরুত্ব না বুঝে দরখাস্ত করেননি।

● ২০১৯ সালের জুনে আবার তালিকা বেরোয়।

● ২০১৯ সালের ৩১ আগস্ট শেষ তালিকা বেরোলে দেখা যায়, ৩ কোটি ১১ লাখ বসবাসকারী ঠাঁই পেলেও, বাদ পড়লেন ১৯,০৬,৬৫৭ লোক।

● তবে তালিকা থেকে বাতিল এই মানুষদের এখনই 'বিদেশি' কিংবা 'অনুপ্রবেশকারী' তকমা দেওয়া হয়নি। বাংলাদেশেও জোর করে পাঠানো হয়নি।

● তাঁরা নিজেদের 'ভারতীয়' হিসাবে প্রমাণ করার জন্য আপাতত ১২০ দিন সময় পাবেন।

● এই সময়সীমার মধ্যে তাঁদের ফরেনার ট্রাইব্যুনালে প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদন জানাতে হবে।


● তারপরেও যদি তাঁদের অসমের চূড়ান্ত নাগরিক তালিকায় জায়গা দেওয়া না হয়, তবে তাঁরা পরবর্তী পদক্ষেপ হিসাবে হাই কোর্টে আবেদন জানাতে পারবেন।

● হাই কোর্টেও সমস্যার সুরাহা না হলে, সুপ্রিম কোর্টে আবেদন জানানো যাবে।

● ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি জনাব ফকরুদ্দিন আহমেদের পরিবারের কিছু লোকরাও নাকি এই 'রাষ্ট্রহীন' তালিকায় পড়েছেন।

### সাধারণ মানুষের জিজ্ঞাসা

ভারতের মানুষরা বুঝতে পারছেন না এখনকার ৪টি ও ভবিষ্যতের আরও ১০টি ডিটেনশান ক্যাম্পে কী করে এই ১৯ লাখ লোকের জায়গা হবে? রোহিঙ্গা শরণার্থী শিবিরে যা চলে, ভারতের শিবিরে তা হবে না তো? যাঁদের নাম কাটা গেছে, তাঁদের বেশিরভাগ মানুষই সমাজের পিছিয়ে পড়া। তাঁদের অর্থনৈতিক সম্বল বা, আইনি লড়াইয়ের ক্ষমতা নেই। তাঁদের কী আবার জোর করে বাংলাদেশে পাঠানো হবে? যদি এঁনারা আইনি লড়াইয়েও নামেন, তাহলে ভারতের মোট ১০০ জন ফরেনার্স ট্রাইব্যুনাল কী করে এর সমাধান করবে? প্রশ্ন অনেক, কিন্তু উত্তর নেই।



১০ পাতার পর

□ ভারতকে ২-১ গোলে হারিয়ে, 'সুলতান জোহর কাপ (অনূর্ধ্ব-২১)'এ চ্যাম্পিয়ন হল গ্রেট ব্রিটেন।

□ দাবাং দিল্লিকে ৩৯-৩৪ ব্যবধানে হারিয়ে, 'প্রো কবাডি লিগ'এ চ্যাম্পিয়ন হল বেঙ্গল ওয়ারিয়র্স।

**২০ অক্টোবর :** ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট হলেন জোকো উইদোদো।



ভারতের ৬৫তম গ্র্যান্ডমাস্টার হলেন রাউনক সাধবনি।

□ মিশরের লুক্সোরের পশ্চিম তীরে আল আসাসিফ সমাধিক্ষেত্র থেকে একসঙ্গে ৩০টি কফিন উদ্ধার হল। এইসব কফিন থেকে নারী, পুরুষ ও শিশুদের মমি পাওয়া গিয়েছে। একসঙ্গে এতগুলি মমি ও কফিন উদ্ধার হওয়ার ঘটনা এই প্রথম। এইসব কফিনের গায়ে রঙিন নকশা আঁকা রয়েছে ও সেগুলির মধ্যে থাকা সব মমি অক্ষত রয়েছে। কফিনগুলিতে কালো, সবুজ, লাল ও হলুদ রঙের ব্যবহার করা হয়েছে। এসব কফিন ২টি সারিতে সাজানো ছিল। গবেষকরা মনে করছেন, এটি কোনো উচ্চ পর্যায়ের ধর্মগুরু পরিবারের সদস্যদের কফিন ও মমি। এসব কফিনের গায়ে উল্লেখ্য তারিখ অনুযায়ী, এগুলি ২২তম ডাইনেস্টির অন্তর্ভুক্ত। এই ডাইনেস্টির সূচনা হয়েছিল খ্রিস্টপূর্ব দশম শতাব্দীতে।

□ সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবি শহর থেকে ১৬০ কিলোমিটার পশ্চিমে অবস্থিত মিরফা উপকূলের কাছে মারওয়াহ উপত্যকা থেকে খোঁজ মিলল বিশ্বের সবথেকে প্রাচীনতম প্রাকৃতিক মুক্তোর। ঐতিহাসিকরা মনে করছেন, মুক্তোটি অন্তত ৮,০০০ বছরের পুরনো। শহরের 'কালচার অ্যান্ড ট্যুরিজম ডিপার্টমেন্ট'এর প্রত্নতাত্ত্বিকরা কার্বন ডেটিং পদ্ধতি ব্যবহার করে দেখতে পান, খ্রিস্টপূর্ব ৫,৮০০-৫,৬০০ অব্দের মধ্যে মুক্তোটির উৎপত্তি হয়েছিল। নিওলিথিক যুগের এই মুক্তোটি প্রাচীন ইরাকের সভ্যতা মেসোপটেমিয়া থেকে আবুধাবিতে অন্যান্য দ্রব্যের বিনিময়ে নিয়ে আসা হয় বলে মনে করছেন ঐতিহাসিকরা। প্রত্নতাত্ত্বিকদের মতে, এই নতুন আবিষ্কারের অর্থ, আবুধাবিতে ৮,০০০ বছর আগেই মানুষ মুক্তোর ব্যবহার শুরু করেছিল। একইসঙ্গে এটাই পৃথিবীতে পাওয়া যাওয়া প্রাকৃতিক মুক্তোর মধ্যে সবথেকে পুরনো।

□ গত আগস্ট পর্যন্ত দেশজুড়ে গ্রাহকরা যে টেলিকম পরিষেবা নিয়েছেন, তার পরিপ্রেক্ষিতে, দেশের টেলিকম নিয়ন্ত্রক সংস্থা 'টেলিকম রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া'র (TRAI) তরফ থেকে প্রকাশিত তথ্য অনুযায়ী, টেলিকম পরিষেবা নেওয়ার ক্ষেত্রে দেশে ১৩ নম্বর স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। এখানে টেলিকম পরিষেবা নেওয়ার হার ৮৫.৯৪%। এক্ষেত্রে দেশের মধ্যে শীর্ষে রয়েছে দিল্লি। সেখানে পরিষেবা নিয়েছেন ২৪১.৮৭% গ্রাহক।

□ শ্রীলঙ্কাকে 'কালো তালিকা' থেকে বাদ দিল 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স' (FATF)।

□ সুইৎজারল্যান্ডের টেনিস তারকা স্ট্যানিসলাস ওয়ারিঙ্কাকে ৩-৬, ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, 'অ্যান্টওয়ার্প টেনিস'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ব্রিটেনের স্যার অ্যান্ড্রু ব্যারন মারে।

□ 'দিল্লি হাফ ম্যারাথন'এ চ্যাম্পিয়ন হলেন ইথিওপিয়ার আন্দামলাক বেলিহ।

## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

**২১ অক্টোবর :** ২০১৯ সালে 'প্রবীণ নাগরিক পুরস্কার' পেলেন প্রখ্যাত ভারতীয় আইনজীবী কে. পরাশরণ।

□ লাদাখে, 'কর্ণেল চেওয়াং রিনচেন সেতু' উদ্বোধন করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

□ ভারতে চলচ্চিত্র বিজ্ঞাপনের প্রচার 'ফিড আওয়ার ফিউচার' চালু করল 'রাষ্ট্রসঙ্ঘ'এর 'ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম' (WFP)।

□ কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং জানালেন, এবার থেকে পর্যটকদের জন্য খুলে গেল দুনিয়ার সর্বোচ্চ যুদ্ধক্ষেত্র সিয়াচেন হিমবাহ। এবার থেকে সিয়াচেন বেস ক্যাম্প থেকে কুমার পোস্ট পর্যন্ত গোটা এলাকা ঘুরে দেখতে পারবেন পর্যটকরা।

□ 'স্মার্ট ড্রাগন ফ্যামিলি' নামে কমার্শিয়াল ক্যারিয়ার রকেট চালু করল চিন।

□ রাশিয়ার আনাস্তাসিয়া পাভলুচেঙ্কোভাকে ৩-৬, ৬-১ ও ৬-১ ব্যবধানে হারিয়ে, 'ক্রেমলিন কাপ টেনিস প্রতিযোগিতা'য় মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন সুইৎজারল্যান্ডের বেলিন্দা বেনচিচ।

□ ফ্রান্সের আদ্রিয়ান মান্নারিনোকে ৬-৪ ও ৬-০ ব্যবধানে হারিয়ে, 'ক্রেমলিন কাপ টেনিস প্রতিযোগিতা'য় পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রাশিয়ার অ্যান্ড্রে রুবলেভ।


**২২ অক্টোবর :** মারাঠি অভিনেত্রী পূজা জুনজার (২৫ বছর) মারা গেলেন।

□ শিক্ষা জগতের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমীক্ষক সংস্থা 'কিউএস'এর ২০২০ সালের র‍্যাঙ্কিংয়ে, ভারতের সব রাজ্য বিশ্ববিদ্যালয়ের মধ্যে সেরার তকমা পেল 'কলকাতা বিশ্ববিদ্যালয়'। দ্বিতীয় স্থানে রয়েছে 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'। তবে, রাজ্য ও কেন্দ্র মিলিয়ে সব প্রতিষ্ঠানের নিরিখে এই ২ বিশ্ববিদ্যালয়ের স্থান যথাক্রমে ১১ ও ১২।

□ প্রতিবেশী চিন ও পাক-ই-স্তানকে চাপে রাখতে, 'সিন্ধু সুদর্শন' নামে সামরিক মহড়া শুরু করল ভারত, যাতে অংশ নিয়েছে ৪০,০০০ সেনা।

□ দু'য়ের বেশি সন্তান থাকলে আর মিলবে না সরকারি চাকরি — এমনই আইন পাস করল অসম সরকার। ২০২১ সাল থেকে জনসংখ্যা নিয়ন্ত্রণেই নয়া নীতি রাজ্য সরকারের।

জার্মানির পিটার গোজোউইককে ৬-২ ও ৬-১ ব্যবধানে হারিয়ে, বাসেলে 'এটিপি সুইস ইন্ডোর'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন সুইস কিংবদন্তি রজার ফেডেরার।



**২৩ অক্টোবর :** ২০১৯ সালে অর্থনীতিতে 'নোবেল' পুরস্কারজয়ী অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়কে সাম্মানিক 'ডি-লিট' দেওয়ার সিদ্ধান্ত নিল 'কলকাতা বিশ্ববিদ্যালয়'।

□ সংকটে চলা 'ভারত সঞ্চার নিগম লিমিটেড' (BSNL) ও 'মহানগর টেলিফোন নিগম লিমিটেড' (MTNL) সংযুক্তিকরণে অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। ২ সংস্থাকে নীতিগতভাবে সংযুক্ত করে ফোর-জি স্পেকট্রাম দেওয়া ও পুনরুজ্জীবনে আর্থিক সাহায্যের সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার।

□ ২০১৭ সালের দেশব্যাপী অপরাধের রেকর্ড প্রকাশ করল 'ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরো'। এই রেকর্ড অনুযায়ী, অপরাধের হারে এগিয়ে রয়েছে দিল্লি। ১৯টি মহানগরের মোট অপরাধের ৪০ শতাংশই হয়েছে দিল্লিতে। ধর্ষণ, খুন-সহ সবেতেই এগিয়ে রয়েছে দিল্লি।

□ সব ধরণের ক্রিকেট থেকে অবসর নিলেন মুম্বইয়ের তারকা অলরাউন্ডার অভিষেক নায়ার।

□ ফিলিপিন্সের রাসেল দিয়াজকে হারিয়ে, প্রথম ভারতীয় পুরুষ খেলোয়াড় হিসাবে 'উশু বিশ্বচ্যাম্পিয়নশিপ'এ ৪৮ কেজি বিভাগে সোনার পদক পেয়ে নজির গড়লেন প্রবীণ কুমার।

**২৪ অক্টোবর :** 'বিশ্বব্যাঙ্ক'এর 'ইজ অফ ডুয়িং বিজনেস' রিপোর্টে ১৯০টি দেশের তালিকার মধ্যে ১৪টি ধাপ ওপরে উঠে এসে ৬৩ নম্বরে জায়গা করে নিল ভারত। গতবারের রিপোর্টে ভারতের স্থান ছিল ৭৭।

□ ঐতিহাসিক কর্তারপুর করিডর চালু করতে একটি বিশেষ চুক্তিপত্রে সই করল ভারত ও পাক-ই-স্তান। এই কর্তারপুর করিডর চালু হলে পাক-ই-স্তানের নারোওয়াল জেলায় পবিত্র গুরুদ্বার দরবার সাহিব দর্শন করতে যেতে পারবেন ভারতীয় পুণ্যার্থীরা।

□ 'মিলিটারি ওয়ার্ল্ড গেমস'এ জ্যাভলিনে সোনার পদক পেলেন ভারতের শিবপাল সিং।

□ ইন্টারন্যাশনাল মাস্টার হলেন বাংলার প্রতিভাবান দাবাড়ু আরণ্যক ঘোষ।

□ 'ফিফা' র‍্যাঙ্কিংয়ে ১০৬ নম্বরে স্থান পেল ভারত।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# সরকারি প্রকল্প থেকে ঋণ নিয়ে বেকারির কারখানা করতে চাইলে

## ব্যবসা

**নিজস্ব প্রতিনিধি :** গ্রামে-শহরে সর্বত্রই পাউরুটির এখন ভালো চাহিদা। আর এর নিশ্চিত বাজার থাকায় উদ্যমী বেকাররা ৮ থেকে ১০ লাখ টাকার পুঁজি নিয়ে পাউরুটি তৈরির বেকারি করতে পারেন। স্বয়ংক্রিয় মেশিন বসিয়ে এই কারখানা করলে প্রতিদিন যে পাউরুটি তৈরি হবে, তার বিক্রির বাজার এখনো শহরতলি ও গ্রামে নেই। সেজন্য পাউরুটির পাশাপাশি কেক ও প্যাটিস তৈরি করতে হবে।

**কাঁচামাল :** পাউরুটি তৈরির জন্য দরকার হয় এইসব কাঁচামাল : ময়দা, ডালডা, খাবার লবণ, চিনি, ইস্ট আর বেকিং পাউডার। তবে শুরুতে বেকিং পাউডার না দিলেও চলে। পাউরুটি তৈরিতে ইস্টের এক গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। ইস্ট পাউরুটিকে ফুলিয়ে ফাঁপিয়ে দেয়। ইস্টের রং সাদা বা, হাল্কা বাদামি। অধিকাংশ বেকারিতে মাখনের বদলে ডালডা দেওয়া হয়। কারণ মাখন ব্যবহারে পড়তায় আসে না।

**কোথায় পাবেন :** ওপরের যাবতীয় উপাদান পাবেন স্থানীয় মুদিখানার দোকানে। ইস্ট পাইকারি দরে পাবেন এই ঠিকানায় : (১) লাহা অ্যান্ড লাহা কোম্পানি, ২২, রবীন্দ্র সরণী, কলকাতা - ৭০০০০১। এছাড়াও পাবেন কলকাতার ক্যানিং স্ট্রিটের (বড়বাজার) বিভিন্ন দোকানে।

**যন্ত্রপাতি :** দরকারি যন্ত্রপাতি ও সরঞ্জামের মধ্যে আছে : (১) ভাঁটি বা, বিদ্যুৎচালিত উনুন, (২) ময়দা মাখার মিক্সার মেশিন, (৩) স্লাইসড পাউরুটির জন্য স্লাইসিং মেশিন, (৪) ময়দা শিফটার মেশিন, (৫) চিনি গুঁড়ো করার গ্রাইন্ডিং মেশিন, (৬) ব্রেড মোল্ডার মেশিন, (৭) কেক করতে চাইলে কেক তৈরির উপযোগী বিদ্যুৎচালিত ক্রিম ও ডিম মিক্সার মেশিন, (৮) বিভিন্ন পাউন্ডের মাপের মোল্ডার বা, ছাঁচ, (৯) ভাঁটিতে পাউরুটি ঢোকানোর জন্য নানান মাপের ট্রে।

**কোথায় কী পাবেন :** যাবতীয় যন্ত্রপাতি ও ভাঁটি পাবেন শ্যামবাজারের আর.জি. কর রোডের বিভিন্ন দোকানে। এছাড়াও পাবেন এই ঠিকানায় ওরিয়েন্টাল মেশিনারি, ২৫, আর.এন. মুখার্জী রোড, কলকাতা - ১। ছাঁচ বা, মোল্ড পাবেন গণেশচন্দ্র অ্যাভেনিউ ও দমদমের কৃষ্ণপুর লেনের নানান দোকানে।

**ভাঁটি :** পাউরুটি সেঁকার জন্য ভাঁটি তৈরি করা হয় বিশেষ পদ্ধতিতে। গ্রাম বা, আধা শহরে পাউরুটি, কেক ও প্যাটিস তৈরিতে ছোট ভাঁটাই যথেষ্ট। এর মাপ হল ৮ ফুট × ১০ ফুট। তাপ ধরে রাখার উপযুক্ত ঝামা ইট দিয়ে তৈরি এটা আসলে বন্ধ কুঠুরি। দু'দিকে ঢাল থাকে। ছাদও তৈরি হয় তাপ ধরে রাখার ঝামা ইটে। মাটি থেকে ৪ ফুট উঁচু একটি মাটির বেদির ওপর তৈরি হয় কুঠুরির মেঝে। কুঠুরির উচ্চতা হয় ৫ ফুট। সামনের দিকে ঘুলঘুলির মতো ফাঁক দিয়ে পাউরুটি, কেক, প্যাটিস ট্রেতে করে ঢুকিয়ে দেওয়া হয়। আর এইসব খাদ্যপণ্য তৈরি হলে বের করা হয়। ঘুলঘুলির মতো ফাঁকা জায়গা টিন বা, অ্যাসবেস্টসের পাল্লা দিয়ে বন্ধ করা যায়। কুঠুরির একটু দূরে পাউরুটি ঢুকিয়ে দেওয়া আর টেনে আনার জন্য তক্তা লাগানো লম্বা লাঠি ব্যবহার করা হয়। কুঠুরিতে রুটি শেঁকার উপযোগী তাপের জন্য কাঠ ঢেলে দেওয়া হয়। একবার কুঠুরিকে গরম করতে পারলে ৭ দিন গরম থাকে। কুঠুরির ভিতরের ধোঁয়া বাইরে বের করার জন্য ছাদের ওপরে চিমনি বসাতে হয়।

**পাউরুটি তৈরির পদ্ধতি :** পাউরুটি তৈরির জন্য এইসব উপাদান মেশাতে হবে এইসব অনুপাতে : ময়দা (২৫ কেজি), ডালডা (২০০ গ্রাম), লবণ (৪৫০ গ্রাম), জল (১৩.৫ লিটার), ইস্ট (২৫০ গ্রাম), চিনি (৫০০ গ্রাম)। প্রথমে গ্রাইন্ডিং মেশিনে চিনি গুঁড়ো করে নিতে হবে। তারপর ওপরের ওইসব উপাদান নির্দিষ্ট অনুপাতে মাখার পর অন্তত ৩-৪ ঘন্টা ফেলে রাখতে হবে। সময় কমাতে চাইলে ইস্টের পরিমাণ দ্বিগুণ করতে হবে। এবার মাখা ময়দায় গেঁজা তুলতে হলে মাখা ময়দাকে গোল বলের মতো করে নিয়ে মসৃণ আর চকচকে পাত্রে ভরে নিতে হবে, যাতে ওই ময়দার বল শুকিয়ে ফেটে না যায়। ময়দাকে গাঁজানোর সময় তাপমাত্রা ২৮ ডিগ্রি সেন্টিগ্রেডের মধ্যে রাখতে হবে। শীতকালে তাপমাত্রা কমে গেলে গরম করতে হতে পারে। ময়দা গাঁজানোর সময় তার মধ্যে নরমভাব কেমন আছে, তা জানতে আঙুল ঢুকিয়ে দেখতে পারেন। মাখা ময়দায় যাতে গ্যাস না জমে, সেজন্য গাঁজা তোলার পর পাঞ্চ করতে হয়। ময়দা মাখা, গাঁজা তোলার পর নরম ময়দার এমন মাপের লেচি করতে হবে, যাতে লেচি ছাঁচের শুধুমাত্র অর্ধেক জায়গা জুড়ে থাকে। এবার ছাঁচে বা, মোল্ডে লেচি ঢুকিয়ে কিছুক্ষণ গাঁজা বা, রস বেরোলে মুছে দিন। রুটির মাপ অনুযায়ী ছাঁচও হয় বিভিন্ন মাপের। যেমন, ১০০ গ্রাম ২০০ গ্রাম ও ৪০০ গ্রাম। গোলরুটির জন্য লাগে গোলাকার ছাঁচ। সেঁকার জন্য তাপমাত্রা লাগে ১৯৬ ডিগ্রি সেন্টিগ্রেড বা, ৩৮৫ ডিগ্রি সেন্টিগ্রেড। কিছুদিন সেঁকার পর এই তাপমাত্রা সম্পর্কে আন্দাজ এসে যায়। তবে তাপ ওঠাতে হলে গরম ভাটিতে কাঠ গুঁজতে পারেন আর তাপ কমাতে চাইলে কলাগাছের কান্ড ঢোকাতে পারেন। কোয়ার্টার অর্থাৎ ১০০ গ্রাম ওজনের পাউরুটি সেঁকে খাওয়ার উপযুক্ত হতে সময় লাগে ৫-৬ মিনিট। ২০০ গ্রাম ও ৪০০ গ্রাম ওজনের পাউরুটি সেঁকতে সময় লাগে ১০-১৫ মিনিট। যখন পাউরুটি ছাঁচের মধ্যে কুঁচকে যাবে ও হাল্কা কালচে লাল বা, বাদামি হবে তখন বুঝতে হবে পাউরুটি তৈরি হয়েছে। পাউরুটি তৈরি হয়ে গেলে ছাঁচ ভর্তি ট্রে নিয়ে এসে ঠাণ্ডা করতে হবে। রুটি ঠাণ্ডা হয়ে গেলে স্লাইসিং মেশিনে স্লাইস করে কেটে প্যাকেটে ভরতে হবে। ক্রেতাদের আকর্ষণ করতে হলে কিন্তু প্যাকেজিং ভালো হওয়া চাই। বেশি লাভ রাখতে চাইলে পাউরুটির পাশাপাশি কেক ও বিস্কুট তৈরি করতে হবে।

**কোথায় টাকা পাবেন :** বেকার ছেলেমেয়েরা পাউরুটি তৈরির বেকারি করতে চাইলে 'প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্প' বা, 'বিবেকানন্দ বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প' থেকে ঋণ পেতে পারেন।

**ট্রেনিং :** পাউরুটি তৈরির পদ্ধতি ও প্রকরণ জানতে পরিচিত কোনো বেকারিতে গিয়ে কথা বলতে পারেন। এছাড়া উদ্যমীরা এ ব্যাপারে পরামর্শ পেতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফুড টেকনোলজি বিভাগের EDP সেলে যোগাযোগ করতে পারেন। প্রকল্প তৈরি ও আর্থিক অনুদান ইত্যাদি জানতে হলে যোগাযোগ করতে হবে সল্ট লেকের ময়ূখ ভবনে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরে।

# অ্যারিথমেটিক

## চাকরির পরীক্ষার গণিত

1. How many natural numbers between 23 and 137 are divisible by 7 ?
(a) 12 (b) 17 (c) 16 (d) 13

2. In a division sum, the divisor is 12 times the quotient and 6 times the remainder. If the remainder is 24, what is the dividend ?
(a) 1738 (b) 1752 (c) 1846 (d) 1648

3. If the sum of first N integers is 55, then what is N ?
(a) 5 (b) 7 (c) 8 (d) 10

4. How many 4 digit numbers are completely divisible by 7 ?
(a) 1354 (b) 1286 (c) 1178 (d) 1224

5. Which of the following is not a prime number ?
(a) 73 (b) 53 (c) 113 (d) 133

6. P and Q walk around a circular track. They start at 9.00 a.m. from the same point in the opposite directions. P and Q walk at a speed of 3 rounds per hour and 5 rounds per hour respectively. How many times shall they cross each other before 11.31 a.m. ?
(a) 20 (b) 22 (c) 25 (d) 15

7. An illiterate retailer marks all his goods at 50% above the cost price and thinking that he will make 25% profit, offers a discount of 25% on the marked price. What is his actual profit ?
(a) 0.125% (b) 12.5%
(c) 25% (d) 37.5%

8. At what percent above cost price must an article be marked so as to gain 20% after allowing a customer a discount of 10% ?
(a) 31% (b) 33.33%
(c) 55.2% (d) 66.66%

9. 35% of ? + 90% of 30 = 20% of 170.
(a) 120 (b) 60 (c) 20 (d) 90

10. If 20% of 30 is greater than 25% of a number by 2, the number is :
(a) 16 (b) 24 (c) 20 (d) 32

11. Some labourers can do a piece of work in 8 days. Four times the number of such labourers will do half of that work in :
(a) 1 day (b) 2 days
(c) 3 days (d) 4 days

12. Twelve pipes of equal capacity can fill a tank in four days. If the tank has to be filled in three days, the number of extra pipes needed is :
(a) 4 (b) 7 (c) 16 (d) 28

13. Madhu's age is 150% of what it was 10 years ago. What is his present age ?
(a) 40 years (b) 50 years
(c) 30 years (d) 60 years

14. Robin's age after 15 years will be 5 times his age 5 years back. What is his present age ?
(a) 5 years (b) 10 years
(c) 12 years (d) 15 years

15. Two pipes A and B can fill a tank in 36 minutes and 45 minutes respectively. A drainage pipe C can empty the tank in 30 minutes. First A and B are opened. After 7 minutes, C is opened. In how much time, the tank will be full ?
(a) 12 minutes (b) 36 minutes
(c) 46 minutes (d) 52 minutes

16. 1004×1004 + 996×996 = ?
(a) 1000016 (b) 2000016
(c) 2000032 (d) 1000032

17. 3621×137 + 3621×63 = ?
(a) 656200 (b) 774200
(c) 724200 (d) 812200

18. $120\times5^4$ = ?
(a) 65000 (b) 78000
(c) 75000 (d) 68000

19. If 13☆4 is divisible by 6, then ☆ = ?
(a) 3 (b) 2 (c) 1 (d) 5

20. The sum of first 75 natural numbers is :
(a) 1235 (b) 1250 (c) 2850 (d) 2250

21. $\sqrt{0.9}$ is equal to :
(a) 0.948 (b) 0.3
(c) 0.03 (d) –0.947

22. $\frac{\sqrt{98}-\sqrt{72}+\sqrt{50}}{\sqrt{18}}$ is equal to :
(a) 6 (b) $\frac{\sqrt{38}}{3}$ (c) $-\frac{4}{3}$ (d) 2

23. $\sqrt[3]{(64)^{-4}.(125)^{-2}}$ equals :
(a) 6400 (b) $\frac{1}{6400}$ (c) $\frac{1}{3200}$
(d) 3200

24. The value of $\frac{13\times13-13\times7+13\times7-7\times7}{13\times7}$ is :
(a) $1\frac{42}{91}$ (b) $\frac{2}{7}$ (c) $85\frac{70}{90}$ (d) $1\frac{29}{91}$

25. The value of $225\times0.12-0.04\times225$ is :
(a) 1.80 (b) 27 (c) 9 (d) 18

26. In $\Delta ABC$, AB = BC = K, AC = $\sqrt{2}$ K, then $\Delta ABC$ is a
(A) Isosceles triangle (B) Right-angled triangle (C) Equilateral triangle (D) Right isosceles triangle

27. The surface area of a sphere is 616 $cm^2$. The volume of the sphere would be :
(A) $1,437\frac{1}{3}$ $cm^3$ (B) 2,100 $cm^3$ (C) 2,500 $cm^3$ (D) 1,225 $cm^2$

28. A house was sold for Rs.y by giving a discount of x%, then the list price was –
(A) $\frac{100y}{100-x}$ (B) $\frac{100y}{1-\frac{x}{100}}$
(C) $\frac{100x}{100-y}$ (D) $\frac{100y}{1-x}$

29. $\frac{\cos\theta}{1+\sin\theta}$ = ?
(A) $\frac{\cos\theta}{1-\sin\theta}$ (B) $\frac{\cos\theta}{2+\sin\theta}$
(C) $\frac{1-\sin\theta}{\cos\theta}$ (D) $\frac{1+\sin\theta}{\cos\theta}$

30. A telegraph post gets broken at a point against a storm and its top touches the ground at a distance of 20m from the base of the post making an angle of 30° with the ground. What is the height of the post ?
(A) $\frac{40}{\sqrt{3}}$ m (B) $20\sqrt{3}$ m
(C) $40\sqrt{3}$ m (D) 30m

**Direction (Qs. 31-35) :** *What will be the value in place of question marks (?) in the following questions ?*

31. $\sqrt{1024}\times\sqrt{?}$ = 768.
(A) 28 (B) 576 (C) 676 (D) 24

32. $\frac{97+74-21}{(1430\div11)-5}$ = ?
(A) $\frac{4}{3}$ (B) $\frac{3}{2}$ (C) $\frac{6}{5}$ (D) $\frac{5}{4}$

33. 79842+1386+41321– 24876 = ?
(A) 97,673 (B) 98,173
(C) 95,673 (D) 94,373

34. 64% of 750 + $(?)^2$ = 649.
(A) 14 (B) 12 (C) 11 (D) 13

35. 230% of 160 ÷ 23 = ?
(A) 23 (B) 24 (C) 16 (D) 8

36. If an amount of Rs. 18,785 is divided equally among 55 people, how much approximate amount will each person get ?
(A) Rs.300 (B) Rs.320
(C) Rs.360 (D) Rs.340

37. The difference between 52% of a number and 34% of the same number is 135. What is 76% of that number?
(A) 570 (B) 525 (C) 550
(D) None of these

38. The ratio of the present ages of Anup and Tina is 7 : 9 respectively. Four years hence the ratio of their ages be 15 : 19. What is Tina's present age ?
(A) 76 years (B) 56 years
(C) 72 years (D) 60 years

39. If $(99)^2$ is added to the square of a number, the answer so obtained is 20,002. What is the number ?
(A) 100 (B) 104 (C) 102 (D) 101


40. In an examination, it is required to get 352 of the aggregate marks to pass. A student gets 264 marks and is declared failed by 10% marks. What is the maximum aggregate marks a student can get ?
(A) 825 (B) 880 (C) 850 (D) 890

41. The sum of the average of three consecutive even numbers and three-consecutive odd nubers is 31. If the largest odd number is 21, what is the smallest even number ?
(A) 6 (B) 8 (C) 12 (D) 10

42. Sweta purchased an article on the discounted price and sold it at Rs. 1,428 and get 20% profit. What was the original price of the article ?
(A) Rs.1,700 (B) Rs.1,600
(C) Rs.1,800 (D) Rs.1,900

### সেকেন্ডে উত্তরের কৌশল

**1(c).** 23 ও 137কে 7 দিয়ে ভাগ করলে ভাগফল হয়, যথাক্রমে 3 ও 19. তাহলে নির্ণেয় সংখ্যা 19–3 = 16. **2(b).** Divisor = 24×6 = 144. Then, Quotient = $\frac{144}{12}$ = 12 and Divident (12×144) +24 = 1,752. **3(d).** $\frac{N(N+1)}{2}$ = 55. তাহলে, N = 10. **4(b).** চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা 1,000 ও বৃহত্তম সংখ্যা 9999-কে 7 দিয়ে ভাগ করলে ভাগফল হয় 142 ও 1428. তাহলে নির্ণেয় সংখ্যা 1428–142 = 1286. **5(d).** **6(a).** যেহেতু তারা বিপরীত দিকে গতিশীল, তাই 1 ঘন্টায় দেখা হয় 5+3 = 8 বার। তাহলে, 2 ঘন্টায় দেখা হয় 16 বার। আরও 30 মিনিটে 4 বার, তাহলে মোট 16+4 = 20 বার। **7(b).** শর্টকাট ফর্মুলা : $50-25-\frac{50\times25}{100}$ = 12.5%. **8(b).** শর্টকাট ফর্মুলা: মনে করি, তিনি x% দাম বাড়ালেন। তাহলে, $x-10-\frac{x\times10}{100}$ = 20. তাহলে, $x = 33\frac{1}{3}\%$ = 33.33%. **9(c).** **10(a).** **11(a).** 4 গুণ শ্রমিক 8 দিনের কাজ করবে $\frac{8}{4}$ = 2 দিনে। তাহলে, অর্ধেক কাজ হবে $\frac{2}{2}$ = 1 দিনে। **12(a).** 1 দিনে $\frac{1}{4}$ অংশ ভর্তি করে 12টি পাইপ। তাহলে, 1 দিনে 1 অংশ ভর্তি করে 12×4টি পাইপ। তাহলে, 1 দিনে $\frac{1}{3}$ অংশ ভর্তি করে $\frac{12\times4}{3}$ = 16টি। তাহলে, অতিরিক্ত পাইপ লাগবে (16–12) = 4টি। **13(c).** Madhu-র বর্তমান বয়স x বছর। তাহলে, 10 বছর আগের বয়স = x–10. শর্তানুসারে, x = 150% of (x–10) তাহলে, x = 30. **14(b).** Robin-র 5 বছর আগের বয়স x বছর। তাহলে, 15 বছর পরে বয়স x+20 বছর। শর্তানুসারে, x+20 = 5x তাহলে, x = 5. তাহলে বর্তমান বয়স x+5 = 5+5 = 10 বছর। **15(c).** A+B, 7 মিনিটে ভর্তি করে $7\times\left(\frac{1}{36}+\frac{1}{45}\right)=\frac{7}{20}$. তাহলে, বাকি অংশ $\left(1-\frac{7}{20}\right)=\frac{13}{20}$. A+B+C একসঙ্গে ভর্তি করে $\left(\frac{1}{36}+\frac{1}{45}-\frac{1}{30}\right)=\frac{1}{60}$. তাহলে বাকি অংশ ভর্তি হবে $\frac{13}{20}\times60$ = 39 মিনিটে। তাহলে, মোট সময় 7+39 = 46 মিনিট। **16(c).** **17(c).** **18(c).** **19(c).** **20(c).** **21(a).** **22(d).** **23(b).** **24(d).** **25(d).** **26(B).** AB = BC = K, AC = $\sqrt{2}$K, $AB^2+BC^2+K^2+K^2=2K^2+AC^2$. অর্থাৎ, ΔABC একটি সমকোণী ত্রিভুজ। **27(A).** গোলকের ক্ষেত্রফল = $4\pi r^2 \Rightarrow 4\pi r^2 = 616 \Rightarrow 4\times\frac{22}{7}\times r^2 = 616 \Rightarrow r^2=\frac{616\times7}{4\times22}=49. \Rightarrow r=\sqrt{49}$ = 7 সেমি। গোলকের আয়তন = $\frac{4}{3}\pi r^3=\frac{4}{3}\times\frac{22}{7}\times7\times7\times7=\frac{4312}{3}=1437\frac{1}{3}$ ঘন সেমি। **28(A).** মনে করি, ঘরটির চিহ্নিত মূল্য = z টাকা। প্রশ্নানুসারে, $z\times(100-x)\%=y\Rightarrow z\times\frac{100-x}{100}=y\Rightarrow z=\frac{100y}{100-x}$ টাকা। **29(C).** $\frac{\cos\theta}{1+\sin\theta}=\frac{\cos\theta}{1+\sin\theta}\times\frac{1-\sin\theta}{1-\sin\theta}=\frac{\cos\theta(1-\sin\theta)}{(1-\sin^2\theta)}=\frac{\cos\theta(1-\sin\theta)}{\cos^2\theta}=\frac{1-\sin\theta}{\cos\theta}$. **30(B).**




মনে করি, পোস্টের উচ্চতা = h মিটার। ΔABC-তে tan 30° = $\frac{x}{20}$. $x=\frac{20}{\sqrt{3}}$, cos 30° = $\frac{20}{h-x}$. তাহলে, $\frac{\sqrt{3}}{2}=\frac{20}{h-x}\Rightarrow h-x=\frac{40}{\sqrt{3}}$. তাহলে, $h=\frac{40}{\sqrt{3}}+x=\frac{40}{\sqrt{3}}+\frac{20}{\sqrt{3}}=\frac{60}{\sqrt{3}}=20\sqrt{3}$ মিটার। **31(B).** $32\times\sqrt{?}=768\Rightarrow\sqrt{?}=\frac{768}{32}\Rightarrow\sqrt{?}=24\Rightarrow ?=576$. **32(C).** $\frac{150}{125}$ = ?, ? = $\frac{6}{5}$. **33(A).** **34(D).** $480+(?)^2=649\Rightarrow(?)^2=169\Rightarrow ?=13$. **35(C).** $\frac{230}{100}\times\frac{160}{23}=?\Rightarrow ?=16$. **36(D).** টাকার পরিমাণ = $\frac{18,785}{55}$ = 340 টাকা (প্রায়)। **37(A).** সংখ্যা = $\frac{135\times76}{18}$ = 570. **38(C).** মনে করি, অনুপ ও টিনার এখনকার বয়স যথাক্রমে 7x ও 9x. $\frac{7x+4}{9x+4}=\frac{15}{19}\Rightarrow x=8$. তাহলে, টিনার এখনকার বয়স = 9×8 = 72 বছর। **39(D).** $x^2+9,801=20,002\Rightarrow x=\sqrt{10,201}\Rightarrow x=101$. **40(B).** 10% = 352 – 264 = 88. ∴ 100% = 880. **41(D).** মনে করি, প্রথম জোড় সংখ্যা x. $\frac{x+(x+2)+(x+4)}{3}+\frac{17+19+21}{3}=31\Rightarrow 3x+6=12\times3\Rightarrow x=10$. **42(A).** ক্রয়মূল্য = $\frac{1,428}{120}\times100$ = 1,190 টাকা। আসল দাম = $\frac{1,190\times100}{70}$ = 1,700 টাকা।

চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইন্টেলিজেন্স

**Direction (Qs. 1 - 4) :** *In each of the following questions select the related word/ letters/number from the given alternatives.*

1. Uttarakhand : Dehradun :: Mizoram : ?
(A) Aizawal (B) Kohima
(C) Shillong (D) Darjeeling

2. Crime : Court :: Disease : ?
(A) Doctor (B) Medicine
(C) Hospital (D) Treatment

3. YQXP : JBIA :: OVNU : ?
(A) FAGZ (B) HRIS
(C) DKCJ (D) DNEO

4. ADGJ : BEHK :: DGJM : ?
(A) KPUB (B) GJMP
(C) KNQT (D) PSVY

5. The following numbers fall in a group. Which one does not belong to the group ?
53, 63, 83, 73
(A) 53 (B) 63 (C) 83 (D) 73

**Direction (Qs. 6 - 9) :** *In each of the following questions find the odd word/ letters/number pair from the given alternatives.*

6. (A) Kolkata (B) Vishakhapatnam (C) Bengaluru (D) Haldia

7. Carrot, Cabbage, Potato, Ginger, Beetroot
(A) Cabbage (B) Carrot (C) Potato (D) Beetroot

8. (A) HGFE (B) PONM (C) DCBA (D) MSTU

9. (A) GFI (B) VUX (C) POR (D) LKM

10. Which one of the given responses would be a meaningful order of the following words ?
A. Sowing B. Tilling
C. Reaping D. Weeding
(A) C, A, B, D (B) B, A, D, C
(C) A, B, D, C (D) A, C, B, D

11. Arrange the colours of the rainbow (in the reverse order) (from the top edge) :
Red, Orange..........
A. Blue B. Indigo C. Yellow
D. Green E. Violet
(A) C, D, A, B, E (B) D, C, B, E, A
(C) E, C, D, B, A (D) B, D, C, A, E


**Direction (Qs. 12 & 13) :** *In each of the following questions, a series is given, with one term missing. Choose the correct alternative from the given ones that will complete the seriese.*

12. CEG, JLN, QSU, ?
(A) QQS (B) TVX (C) HJL (D) UVW

13. B-I, D-2, F-4, H-8, J-16, ?
(A) K-64 (B) L-32 (C) M-32 (D)L-64

**Direction (Qs. 14 & 15) :** *In each of the following questions, find the missing number from the given rsponses.*

14.




(A) 422 (B) 374 (C) 256 (D) 342

15.

| | | | | |
|---|---|---|---|---|
| | | 63 | | |
| | 7 | 9 | 1 | |
| 3 | 1 | | 7 | ? |


(A) 3 (B) 9 (C) 5 (D) 2

16. If an electric train runs in the direction from North to South with a speed of 150 km/hr covering 2000 km, then in which direction will the smoke of its engine go ?
(A) N → S (B) S → N (C) E → W
(D) No direction

17. If 1 = 1, 2 = 3 = 5 and 4 = 7, then 5 = ?
(A) 9 (B) 7 (C) 5 (D) 8

18. Find the answer of the following:
7 + 3 = 421
11 + 7 = 477
9 + 5 = 445
6 + 2 = ?
(A) 444 (B) 412 (C) 475 (D) 487

19. Which of the following are the lines of symmetry ?




(A) AB and CD (B) EF and GH (C) All of the above (D) None of the above

20. Identify the answer figure from which the pieces given in question figure have been cut.

Question Figure :




Answer Figures :




(A) (B) (C) (D)

21. Which of the answer figures is **not** made up only by the components of the question figure?

Question Figure :




Answer Figures :



(A) (B) (C) (D)


22. Which of the following numbers is present only in the square and circle ?





(A) 5 (B) 4 (C) 3 (D) 2

**Direction (Qs. 23 & 24) :** *In each of the following questions which answer figure will complete the pattern in the question figure ?*

23. **Question Figure :**



**Answer Figures :**




(A) (B) (C) (D)

24. **Question Figure :**




**Answer Figures :**




(A) (B) (C) (D)

25. A piece of paper is folded and cut as shown below in the question figures. From the given answer figures, indicate how it will appear when opened.

**Question Figure :**



**Answer Figures :**




(A) (B) (C) (D)


## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(A).** উত্তরাখণ্ডের রাজধানী হল দেহরাদুন। একইভাবে, মিজোরামের রাজধানী আইজল। **2(C).** কোর্ট বা, আদালত হল সেই জায়গা যেখানে অপরাধের শুনানি হয় ও যথাযোগ্য সাজা দেওয়া হয় তাকে যে ওই অপরাধের জন্য দায়ী। একইভাবে, হাসপাতাল হল সেই জায়গা যেখানে রোগের চিকিৎসা করেন ডাক্তার।


**3(C).**





একইভাবে,




**4(B).**




একইভাবে,




**5(B).** শুধুমাত্র 63 ছাড়া বাকি সবই মৌলিক সংখ্যা। **6(C).** শুধুমাত্র বেঙ্গালুরু ছাড়া বাকি সবই পোতবন্দর। **7(A).** শুধুমাত্র বাধাকপি ছাড়া বাকি সবই মূল বা, কান্ডের রূপান্তর মাত্র।

**8(D).**
H $\xrightarrow{-1}$ G $\xrightarrow{-1}$ F $\xrightarrow{-1}$ E
P $\xrightarrow{-1}$ O $\xrightarrow{-1}$ N $\xrightarrow{-1}$ M
D $\xrightarrow{-1}$ C $\xrightarrow{-1}$ B $\xrightarrow{-1}$ A
M $\xrightarrow{+6}$ S $\xrightarrow{+1}$ T $\xrightarrow{+1}$ U

**9(D).** G $\xrightarrow{-1}$ F $\xrightarrow{+3}$ I
V $\xrightarrow{-1}$ U $\xrightarrow{+3}$ X
P $\xrightarrow{-1}$ O $\xrightarrow{+3}$ R
L $\xrightarrow{-1}$ K $\xrightarrow{+2}$ M

**10(B).** শব্দগুলির অর্থবহ সারি হল : (B) Tilling → (A) Sowing → (D) Weeding → (C) Reaping. **11(A).** রামধনু রঙের সারির বিপরীতক্রম হল :
R → Red
O → Orange
Y → Yellow → (C)
G → Green → (D)
B → Blue → (A)
I → Indigo → (B)
V → Violet → (E)

**12(B).** C $\xrightarrow{+2}$ E $\xrightarrow{+2}$ G
J $\xrightarrow{+2}$ L $\xrightarrow{+2}$ N
Q $\xrightarrow{+2}$ S $\xrightarrow{+2}$ U
ঠিক একইভাবে, T $\xrightarrow{+2}$ V $\xrightarrow{+2}$ X

**13(B).** B $\xrightarrow{+2}$ D $\xrightarrow{+2}$ F $\xrightarrow{+2}$ H $\xrightarrow{+2}$ J $\xrightarrow{+2}$ $\boxed{L}$
1 $\xrightarrow{\times 2}$ 2 $\xrightarrow{\times 2}$ 4 $\xrightarrow{\times 2}$ 8 $\xrightarrow{\times 2}$ 16 $\xrightarrow{\times 2}$ $\boxed{32}$


**14(A).** ঘড়ির কাটার দিকে এগোলে :
$2 \times 2 + 2 = 6$
$6 \times 2 - 2 = 10$
$10 \times 2 + 2 = 22$
$22 \times 2 - 2 = 42$
$42 \times 2 + 2 = 86$
$86 \times 2 - 2 = 170$
$170 \times 2 + 2 = \boxed{342}$

**15(A).** $7 \times 9 \times 1 = 63$, $3 \times 1 \times 7 \times 3 = 63$. **16(D).** ইলেকট্রিক ট্রেন দিয়ে ধোঁয়া বের হয় না। **17(A).**
$1 \Rightarrow 1 \times 2 - 1 = 1$
$2 \Rightarrow 2 \times 2 - 1 = 3$
$3 \Rightarrow 3 \times 2 - 1 = 5$
$4 \Rightarrow 4 \times 2 - 1 = 7$
$5 \Rightarrow 5 \times 2 - 1 = \boxed{9}$

**18(B).** 7+3=421 ⇒ 7−3=4; 7×3= 21. 11+7=477 ⇒ 11 − 7 = 4; 11 × 7 = 77.
9 + 5 = 445 ⇒ 9 − 5 = 4; 9 × 5 = 45.
একইভাবে, 6 +2 = ? ⇒ 6 − 2 = 4; 6 × 2 = 12. তাহলে, ? = 412.


**19(A).** AB ও CD হল প্রতিসম রেখা।

**20(C).**




**21(C).** চিত্র নয় (3), ওখানে একটি তীর আছে। **22(B).** একইসঙ্গে চতুর্ভুজ ও বৃত্তের মধ্যে যে সংখ্যাটি আছে, তা হল 4.


**23(C).**



**24(D).**



**25(A).**



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## স্টাফ সিলেকশনের

■ *কেন্দ্রীয় ৮বাহিনীর কনস্টেবল পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? বয়স কত থাকতে হবে? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — নীলু দাস, সাহাবাজার, ধনিয়াখালী, হুগলি। পার্থ ঘোষ, হরিপাল, হুগলি।*

■■ অন্তত মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৮-২০১৮'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৫ থেকে ১-৮-২০০০'এর মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন,(৪) পার্ট-ডি : ইংরিজি /হিন্দি -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট।পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। এই পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। কম্পিউটার বেসড পরীক্ষায় সফল হলে 'শারীরিক মাপজোখের পরীক্ষা (PST)' ও 'শারীরিক সক্ষমতার পরীক্ষার (PET)' জন্য ডাকা হবে। তখন সব সার্টিফিকেট পরীক্ষা করা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় প্রথমে থাকবে ছেলেদের বেলায় ২৪ মিনিটে ৫ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ৮.৩০ মিনিটে ১.৬ কিমি দৌড়। অ্যাডমিট কার্ড ডাকে পাঠানো হবে না। ই-অ্যাডমিট ডাউনলোড করতে পারবেন, এই ওয়েবসাইট থেকে : www.crpf.nic.in

## স্কুল সার্ভিসের

■ *অঙ্কের অনার্স গ্র্যাজুয়েট। ও.বি.সি.-বি ক্যাটেগরি। অনার্সে ৪৯.৩% নম্বর আছে। পাস ও অনার্স মিলিয়ে ৫৩.৫% নম্বর আছে। নবম ও দশম স্কুলের জন্য দরখাস্ত করতে পারব কি? ও.বি.সি.-বি ক্যাটেগরির প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবে কি? — মধুশ্রী দাস, জগদীশপুর, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ প্রথমেই বলি, ও.বি.সি.-বি ক্যাটেগরির প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবে। তাই নবম ও দশম শ্রেণির জন্য এস.এল.এস.টি. দিতে পারবেন।

■ *দর্শনে অনার্স বিভাগের ছাত্র। ডিগ্রি কোর্সে প্রাপ্ত নম্বর ৫৭%। পাস ও অনার্স মিলিয়ে ৫০% নম্বর আছে। একই সেশনে ডিস্ট্যান্সে এম.এ. ও রেগুলারে বি.এড. করতে পারব কি? সেটি স্কুল সার্ভিসে গ্রহণযোগ্য হবে কি? এম.এ. ও বি.এড. করার পর প্রাইমারি, আপার প্রাইমারি ও নবম আর দশম শ্রেণির জন্য যোগ্য কি? — প্রণব পাল, সিতাই, কোচবিহার।*

■■ প্রথমে জানাই, একই সেশনে একটি রেগুলার ও একটি ডিস্ট্যান্সে পাশ হলে তা স্কুল সার্ভিসে গ্রহণযোগ্যতা পাবে। এম.এ. ও বি.এড করার পর আপার প্রাইমারির টেট, নবম ও দশম শ্রেণীর পরীক্ষা দিতে পারবেন। তবে বি.এড. যোগ্যতায় প্রাইমারি 'টেট' দিতে পারবেন না।

## পাব্লিক সার্ভিসের

■ *মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা কবে হবে? এই পরীক্ষায় সফল হলে কোন কোন পদে চাকরি পাওয়া যায়? — বৈশাখী চট্টোপাধ্যায়, বিরাটী, উত্তর ২৪ পরগনা। রাজেশ দাস, পুরুলিয়া।*

■■ মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। সম্ভবত ডিসেম্বরে পরীক্ষা হবে। এই পরীক্ষায় সফল হলে চাকরি হবে এইসব পদে : (১) অ্যাসিস্ট্যান্ট চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসার, (২) ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার /ব্লক ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার, (৩) ব্লক ইয়ুথ অফিসার/ মিউনিসিপ্যাল ইয়ুথ অফিসার/ বোরো ইয়ুথ অফিসার, (৪) সাব-ইন্সপেক্টর অফ এক্সাইজ, (৫) ব্লক ওয়েলফেয়ারের অফিসার/ ওয়েলফেয়ার অফিসার, (৬) ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ারের ইন্সপেক্টর, (৭) অ্যাসিস্ট্যান্ট অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অফিসার, (৮) অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার, (৯) কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিসেস, (১০) অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের ইন্সপেক্টর, (১১) কনজিউমার ওয়েলফেয়ার অফিসার, (১২) সেভিং ডেভেলপমেন্ট অফিসার, (১৩) পশ্চিমবঙ্গ সাব-অর্ডিনেট লেবার সার্ভিস, (১৪) কো-অপারেটিভ সোসাইটির অডিটর, (১৫) বোর্ড অফ রেভিনিউয়ের অ্যাসিস্ট্যান্ট অডিটর, (১৬) এক্সটেনশন অফিসার, ম্যাস এডুকেশন এক্সটেনশন, (১৭) লেডি এক্সটেনশন অফিসার, ম্যাস এডুকেশন এক্সটেনশন, (১৮) কারেকশনাল সার্ভিসেস'এর অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার, (১৯) ইনভেস্টিগেটিং ইন্সপেক্টর, (২০) রেভেনিউ ইন্সপেক্টর।

## নেট /সেট'এর

■ *কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি কবে বেরোবে? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকে? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — মনিকা দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

'ম্যাথমেটিক্যাল সায়েন্স' বিষয়ের বেলায় 'পিওর ম্যাথমেটিক্স', 'অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স' বা, 'স্ট্যাটিস্টিক্স' বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। 'লাইফ সায়েন্স' বিষয়ের বেলায় বায়োলজিক্যাল সায়েন্স, বটানি, জুলজি, মাইক্রো-বায়োলজি, মলিকিউলার বায়োলজি, অ্যানিম্যাল সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স, বায়ো-কেমিস্ট্রি, বায়োটেকনোলজি বা, ফিজিওলজি বিষয়ের পোস্ট- ... যোগ্য।

'লাইব্রেরি সায়েন্স' বিষয়ের বেলায় এম.লিব. বা, এম.লিস পাশ হলেও যোগ্য।

'ফিজিক্যাল এডুকেশন' বিষয়ের বেলায় ফিজিক্যাল এডুকেশনের মাস্টার ডিগ্রি (এম.পি.এড.) কোর্স পাশ হতে হবে।

ওপরের সব ক্ষেত্রে শতকরা হার নির্ণয়ের বেলায় কোনো গ্রেস নম্বর বা, রাউন্ডিং অফ নম্বর ধরা হবে না। 'সেট' পরীক্ষা দেওয়ার জন্য উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'। মোট ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ১ ঘন্টা। দ্বিতীয় পেপারে থাকবে ২০০ নম্বর ও সময় ২ ঘন্টা।

প্রথম পেপারে ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে টিচিং, রিসার্চ অ্যাপ্টিটিউট, রিজনিং এবিলিটি, কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং ও জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। দ্বিতীয় পেপারে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। দুই পেপারের ক্ষেত্রেই উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে।

নেগেটিভ মার্কিং নেই। ২০২০ সালের 'সেট'এর বিজ্ঞপ্তি বেরোবে আগামী বছর আগস্ট-সেপ্টেম্বরে।

## পুলিশে চাকরির

■ *দিল্লি পুলিশের হেড কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরিয়েছে। তার কম্পিউটার বেসড পরীক্ষা কি কলকাতায় হবে? শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা কোথায় হবে? — আকাশ মান্না, শ্রীপুর, ঘাটাল, পশ্চিম মেদিনীপুর।*

■■ সব পরীক্ষাই হবে দিল্লিতে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের ২০১৮ সালের যে মেন পরীক্ষা হয়েছিল, তার ফল বেরিয়েছে কি? — অর্ণব কুণ্ডু, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, চূড়ান্ত ফল বেরিয়েছে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের লিখিত পরীক্ষার তারিখ কি ঠিক হয়েছে? না হলে কবে হবে? — অজয় বক্সি, শ্যামবাজার, কলকাতা -১৭।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে শিগগিরই পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে।

■ *পশ্চিমবঙ্গ আবগারি দফতরে কনস্টেবল পদের বেলায় শিক্ষাগত যোগ্যতা, বয়স ও শরীরের মাপজোখ কেমন থাকতে হবে? — বিকাশ দাস, হাওড়া। নিরঞ্জন চক্রবর্তী, নদিয়া।*

■■ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় — লম্বায় অন্তত ১৬৭ (তপশিলী উপজাতি হলে ১৬০) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি (তপশিলী উপজাতি হলে বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি) আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে।

মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ (গোর্খা, রাজবংশী ও তপশিলী উপজাতি হলে ১৫২) সেমি, ওজন অন্তত ৪৮ (গোর্খা, রাজবংশী ও তপশিলী উপজাতি হলে ৪৫) কেজি।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
..............................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| উত্তর-পূর্ব সীমান্ত রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই | ২,৫৯০ | ৩১-১০-১৯ | www.nfr.indianrailways.gov.in |
| আই.আই.টি. ধানবাদে জুনিয়র টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ১৮০ | ৪-১১-১৯ | www.iitism.ac.in |
| ইসরোতে সায়েন্টিস্ট | ডিগ্রি কোর্স পাশ | ৩২৭ | ৪-১১-১৯ | www.isro.gov.in |
| আই.সি.এ.আর.-নেট পরীক্ষার পরীক্ষার মাধ্যমে লেকচারার | মাধ্যমিক ও আই.টি.আই. | ৫০৪ | ৪-১১-১৯ | www.icar.org.in |
| সেনাবাহিনীর ক্লার্ক, জি.ডি. সেপাই ফার্মা, নার্সিং অ্যাসিস্ট্যান্ট, ট্রেডসম্যান | এইট পাশ মাধ্যমিক উচ্চমাধ্যমিক | - | ৬-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| সেনাবাহিনীতে সেপাই ফার্মা | উচ্চমাধ্যমিক | - | ৬-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ডে ফায়ার অপারেটর | মাধ্যমিক | ৭০৬ | ৬-১১-১৯ | http://dsssbonline.nic.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১০০ | ৬-১১-১৯ | www.npcilcareers.co.in |
| কোস্ট গার্ডে নাবিক ডোমেস্টিক (কুক ও স্টুয়ার্ড) | মাধ্যমিক | - | ৮-১১-১৯ | www.joinindiancoastguard.gov.in |
| ম্যাঙ্গালোর রিফাইনারিতে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা পাশ | ২১১ | ৯-১১-১৯ | www.mrpl.co.in |
| কেন্দ্রীয় সংস্থায় অ্যাপ্রেন্টিস | আই.টি.আই., ডিপ্লোমা | - | ৯-১১-১৯ | www.apprenticeship.gov.in |
| কোল ফিল্ডে জুনিয়র ওভারম্যান | ডিপ্লোমা পাশ | ৭৫ | ১০-১১-১৯ | www.centralcoalfields.in |
| দিল্লি পুলিশে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৫৫৪ | ১৩-১১-১৯ | http://delhipolice.nic.in |
| আর্মিতে টেকনিক্যাল এন্ট্রি স্কিমে অফিসার | উচ্চমাধ্যমিক পাশ | - | ১৩-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| ভদ্রেশ্বর পুরসভায় মজদুর, হেল্পার, ড্রাইভার | এইট, মাধ্যমিক | ৩৬ | ১৪-১১-১৯ | www.bhadeswarmunicipality.com |
| আর্মিতে টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে অফিসার | ইঞ্জিনিয়ারিং -এর ডিগ্রি | | ১৪-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| ঝাড়গ্রাম জেলা পরিষদে ক্লার্ক, স্টেনো, গ্রুপ-ডি | মাধ্যমিক ও গ্র্যাজুয়েট | ২৬ | ১৫-১১-১৯ | https://jhargram.gov.in |
| ভিলাই স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান, ড্রাইভার | আই.টি.আই., ডিপ্লোমা | ২৯৬ | ১৫-১১-১৯ | www.sail.co.in |
| ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা পাশ | ১১৬ | ২০-১১-১৯ | www.hmrdnats.gov.in |
| বর্ডার রোডস অর্গানাইজেশনে | মাধ্যমিক ও | ৫০৪ | ২৫-১১-১৯ | www.bro.gov.in |

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৩ পাতার পর

**56.** ঐতিহাসিক ঘটনাক্রমে যুদ্ধগুলির সঠিকক্রম কোনটি?
(a) পাণিপথের প্রথম যুদ্ধ — পাণিপথের দ্বিতীয় যুদ্ধ — চৌসার যুদ্ধ — খানুয়ার যুদ্ধ — তালিকোটার যুদ্ধ (b) চৌসার যুদ্ধ — পাণিপথের প্রথম যুদ্ধ — পাণিপথের দ্বিতীয় যুদ্ধ — তালিকোটার যুদ্ধ — চৌসার যুদ্ধ (c) পাণিপথের প্রথম যুদ্ধ — চৌসার যুদ্ধ — পাণিপথের দ্বিতীয় যুদ্ধ — তালিকোটার যুদ্ধ — খানুয়ার যুদ্ধ (d) পাণিপথের প্রথম যুদ্ধ — খানুয়ার যুদ্ধ — চৌসার যুদ্ধ — পাণিপথের দ্বিতীয় যুদ্ধ — তালিকোটার যুদ্ধ

**57.** অপরিহার্য অ্যামাইনো অ্যাসিড কোনটি?
(a) লাইসিন (b) লিউসিন
(c) দু'টিই (d) কোনোটিই নয়

**58.** জিতেন্দ্র কুমার মহেশ্বরী কোন হাই কোর্টের প্রধান বিচারপতি?
(a) অন্ধ্র প্রদেশ (b) বম্বে
(c) উত্তর প্রদেশ (d) কোনোটিই নয়

**59.** ওলগা তোকারজুক কোন দেশের লেখিকা?
(a) ফ্রান্স (b) ইতালি (c) বাংলাদেশ (d) পোল্যান্ড

**60.** নীচের কোন জোড়াটি সঠিক নয়?
(a) জ্যামিতি শাস্ত্রের জনক — ইউক্লিড (b) মার্কসবাদের জনক — কার্ল মার্কস (c) অর্থনীতির জনক — অ্যাডাম স্মিথ (d) শিশুকেন্দ্রীক শিক্ষার জনক — রবীন্দ্রনাথ ঠাকুর

**61.** অমর্ত্য সেন কত সালে অর্থনীতিতে 'নোবেল' পুরস্কার পান?
(a) 1996 (b) 1998 (c) 1988 (d) 2001

**62.** ট্রাভিস হেড কোন খেলার জন্য বিখ্যাত?
(a) ক্রিকেট (b) হকি
(c) ফুটবল (d) ব্যাডমিন্টন

**63.** IQ = ?
(a) $\frac{\text{Mental Age}}{\text{Chronological Age}}$ (b) Mental Age × Chronological Age (c) $\frac{\text{Chronological Age}}{\text{Mental Age}}$ (d) কোনোটি নয়

**64.** 'ভারত মাতা' চিত্রটির চিত্রকর কে?
(a) যামিনী রায় (b) নন্দলাল বসু (c) অবনীন্দ্রনাথ ঠাকুর (d) রামকিঙ্কর বেইজ

**65.** এবছর কে ভারতের সর্বোচ্চ ক্রীড়াসম্মান 'রাজীব গান্ধী খেলরত্ন' পুরস্কার পেয়েছেন?
(a) দীপা মালিক (b) বজরং পুনিয়া (c) দু'জনেই (d) এঁদের কেউ নন

**66.** 'Adolescence' বইটির রচয়িতা কে?
(a) রুশো (b) অ্যারিস্টটল (c) জি.স্ট্যানলি হল (d) পার্সিনান

**67.** ভারতীয় সংবিধানের রক্ষাকর্তা ও অভিভাবক কে?
(a) প্রধানমন্ত্রী (b) সুপ্রিম কোর্ট
(c) রাজ্যপাল (d) রাষ্ট্রপতি

**68.** 'বাগরি' অঞ্চলের অন্য নাম কী?
(a) কয়াল (b) দ্বীপপুঞ্জ (c) মৃতপ্রায় বদ্বীপ অঞ্চল (d) উষর অঞ্চল

**69.** পারদের স্ফুটনাঙ্ক কত?
(a) 118°C (b) 357°C (c) 300°C (d) 718°C

**70.** 1 পাউন্ড ইউরেনিয়াম থেকে কী পরিমাণ বিদ্যুৎ পাওয়া যায়?
(a) প্রায় 100 মেগাওয়াট (b) প্রায় 1,200 মেগাওয়াট (c) প্রায় 400 মেগাওয়াট (d) প্রায় 7,000 মেগাওয়াট

**71.** 'Crime and Punishment' বইটির রচয়িতা কে?
(a) ফিয়োডোর দস্তয়েভস্কি (b) রোজার আহমেদ (c) হুগো দ্য ভ্রিস (d) লিও টলস্টয়

**72.** ভারতের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী কে?
(a) সুচেতা কৃপালনী (b) সুষমা স্বরাজ (c) বি.এস.বর্মন (d) অর্চনা পাকড়াশী

**73.** রাজ্যসভায় রাষ্ট্রপতি মনোনীত সদস্যসংখ্যা কত?
(a) 12 (b) 4 (c) 8 (d) 10

**74.** 'The Godfather' উপন্যাসটি কার লেখা?
(a) ম্যারিও পুজো (b) রোনাল্ড ডাল (c) জন মিল্টন (d) ভিক্টর হুগো

**75.** নীচের কোনটি জি-৭ সদস্যভুক্ত দেশ?
(a) জার্মানি (b) ইতালি (c) কানাডা (d) সবক'টি

**76.** একটি ঘড়ি 420 টাকায় বিক্রি করে মানস মণ্ডল 20% লাভ করল। ঘড়িটির ক্রয়মূল্য কত টাকা?
(a) 311 (b) 455 (c) 300 (d) 350

**77.** 15 জন লোক 30 দিনে 12,000 টাকা আয় করেন। 75 জন লোক 5 দিনে কত টাকা আয় করতে পারবেন?
(a) 10,000 (b) 7,000
(c) 8,000 (d) 11,000

**78.** নীচের কোনটি সঠিক নয়?
(a) 300 টাকায় 25% = 75 টাকা (b) $16\frac{2}{3}\% = \frac{1}{6}$
(c) 22.5% = 0.225 (d) $\frac{3}{8} = 33\frac{1}{3}\%$

**79.** দু'টি সংখ্যার যোগফল 22 ও তাদের বিয়োগফল 2. ক্ষুদ্রতম সংখ্যাটি কত?
(a) 8 (b) 10 (c) 11 (d) 12

**80.** A ও B এর বয়সের অনুপাত 8 : 7. যদি B এর বয়স 21 বছর হয়, তবে A এর বয়স কত বছর?
(a) 24 (b) 23 (c) 22 (d) 18

**81.** মা সারদা বালিকা বিদ্যালয়ে কোনো একটি শ্রেণির 20 জন ছাত্রীর গড় বয়স 12 বছর। ওই শ্রেণিতে 17 বছর ও 18 বছর বয়সের দু'জন ছাত্রী ভরতি হল। নতুন গড় বয়স কত বছর?
(a) 12 (b) 12.5
(c) 11.7 (d) 9.6

**82.** কোনো একটি সংখ্যা ও তার বর্গের যোগফল 6 হলে সংখ্যাটি কত?
(a) 2 (b) 3
(c) 4 (d) $1\frac{1}{2}\%$

**83.** যদি A : B = 3 : 4 ও B : C = 6 : 5 হয়, তবে A : B : C = কত?
(a) 3 : 4 : 5 (b) 8 : 9 : 10
(c) 9 : 10 : 12 (d) 9 : 12 : 10

**84.** এক ধরণের পিতলে তামা ও দস্তার অনুপাত 7 : 4. এরকম 33 কেজি পিতলে 6 কেজি দস্তা মিশালে তামা ও দস্তার অনুপাত কী হবে?
(a) 7 : 6 (b) 8 : 9 (c) 11 : 12 (d) 12 : 11

**85.** যুগ্ম মৌলিক সংখ্যা কোনটি?
(a) 4 (b) 2 (c) 9 (d) কোনোটি নয়

**86.** দু'টি বইয়ের দামের অনুপাত 3 : 1 ও প্রথম বইটির দাম 75 টাকা। যদি প্রথম বইটির দাম 25 টাকা বেশি হত, তাহলে তাদের দামের অনুপাত কত হত?
(a) 3 : 5 (b) 5 : 3
(c) 4 : 1 (d) 1 : 4

**87.** ঘন্টায় 60 কিলোমিটার বেগে একটি ট্রেন 30 সেকেন্ডে একটি প্ল্যাটফর্ম অতিক্রম করল। ট্রেনটির দৈর্ঘ্য 200 মিটার হলে, প্ল্যাটফর্মটির দৈর্ঘ্য কত মিটার?
(a) 400 (b) 300 (c) 250 (d) 285

**88.** রূপালী ও সোনালী যথাক্রমে 30,000 টাকা ও 10,000 টাকা মূলধন দিয়ে একটি যৌথ ব্যবসা শুরু করল। যদি বছরের শেষে 8,000 টাকা লাভ হয়, তবে সোনালী কত টাকা পাবে?
(a) 2,500 (b) 2,000 (c) 2,200 (d) 1,800

**89.** একটি মোবাইল ব্যাটারি 270 টাকায় বিক্রি করলে 10% ক্ষতি হয়। ব্যাটারিটির ক্রয়মূল্য কত টাকা?
(a) 320 (b) 330 (c) 300 (d) 311

**90.** 18 জন লোক একটি কাজ 25 দিনে করতে পারে। 3 জন লোক কম পাওয়া গেলে কাজটি কত দিনে সম্পূর্ণ হবে?
(a) 30 (b) 28 (c) 26 (d) 29

**91.** বিদ্যুৎ দফতরের নতুন ঘোষণা অনুযায়ী সময়মতো ইলেক্ট্রিক বিল জমা দিলে 15% ছাড় মেলে। রূপেনবাবু 54 টাকা ছাড় পেয়ে থাকলে বিলের পরিমাণ কত টাকা ছিল?
(a) 354 (b) 390 (c) 360 (d) 370

**92.** রামকৃষ্ণবাবু UBI-এর কুলতলী শাখায় 1,00,000 টাকা জমা দিয়ে 2 বছরের জন্য একটি ফিক্সড ডিপোজিট অ্যাকাউন্ট খুললেন। যদি ব্যাঙ্ক বার্ষিক 7% হারে সুদ দেয়, তবে তিনি 3 মাস অন্তর কত টাকা সুদ পাবেন?
(a) 1,750 (b) 1,800 (c) 1,150 (d) 1,288

**93.** 12 জন মহিলা শ্রমিক একটি কাজ 15 দিনে করতে পারে। 10 জন মহিলা শ্রমিক কাজটি কত দিনে করতে পারবে?
(a) 16 (b) 18 (c) 22 (d) 19

**94.** 4 : 7 = 12 : x সম্পর্কটি থেকে x এর মান নির্ণয় করলে তা কত হবে?
(a) 21 (b) 19 (c) –3 (d) 0

**95.** 4টি সংখ্যার গড় 13, তাদের মধ্যে তিনটি সংখ্যা হল 10, 15 ও 18. চতুর্থ সংখ্যাটি কত?
(a) 11 (b) 12 (c) 13 (d) 9

**96.** নীচের কোনটি সঠিক নয়?
(a) 0.28 = 28% (b) 1.25 = 125% (c) 0.125 = 1.2500% (d) 2.75 = 275%

**97.** A, 600 টাকা 5 মাসের জন্য ও B, 500 টাকা 9 মাসের জন্য একটি ব্যবসায় নিয়োজিত করল। লভ্যাংশ তাদের মধ্যে তা অনুপাতে ভাগ হবে?
(a) 2 : 5 (b) 2 : 3 (c) 3 : 7 (d) 3 : 2

**98.** বার্ষিক 5% হার সুদে 1,000 টাকায় 2 বছরের চক্রবৃদ্ধি সুদ কত টাকা?
(a) 111.5 (b) 119.30 (c) 120.50 (d) 102.50

**99.** বার্ষিক 5% হার সুদে 3,000 টাকায় 2 বছরের সুদ কত টাকা?
(a) 300 (b) 275 (c) 400 (d) 355

**100.** 1 – 100 পর্যন্ত ক'টি অঙ্ক?
(a) 200 (b) 192 (c) 400 (d) 305

## চটপট উত্তরের বিশ্লেষণ

**1(d). 2(a). 3(c). 4(b). 5(a). 6(a). 7(c). 8(b). 9(b).10(c). 11(d). 12(a). 13(b). 14(c). 15(b). 16(c). 17(c). 18(a). 19(b). 20(c). 21(b). 22(b). 23(b). 24(c). 25(c). 26(a). 27(d). 28(b). 29(c). 30(c). 31(c). 32(a). 33(b). 34(c). 35(d). 36(a). 37(b). 38(a). 39(c). 40(a). 41(c). 42(a). 43(d). 44(a). 45(c). 46(a). 47(a). 48(b). 49(b). 50(c). 51(c). 52(d). 53(a). 54(b). 55(c). 56(d). 57(c). 58(a). 59(d). 60(d). 61(b). 62(a). 63(a). 64(c). 65(c). 66(c). 67(b). 68(c). 69(b). 70(b). 71(a). 72(a). 73(a). 74(a). 75(d). 76(d).** 20% লাভ, তাই বিক্রয়মূল্য = (100 + 20) টাকা = 120 টাকা। 120 টাকা বিক্রয়মূল্যে ক্রয়মূল্য = 100 টাকা। তাহলে 420 টাকা বিক্রয়মূল্যে ক্রয়মূল্য = $\frac{100}{120} \times 420$ টাকা = 350 টাকা। **77(a).** 15 জন 30 দিনে আয় করেন = 12,000 টাকা। তাহলে 75 জন 5 দিনে আয় করেন = $\frac{12000 \times 75 \times 5}{15 \times 30}$ টাকা = 10,000 টাকা। **78(d). 79(b).** ক্ষুদ্রতম সংখ্যাটি = (22 – 2) ÷ 2 = 20 ÷ 2 = 10. **80(a).** মনে করি, A এর বয়স = x বছর। তাই $\frac{x}{21} = \frac{8}{7}$ বা, 7x = 21 × 8. বা, x = 24. **81(b).** 20 জনের বয়সের সমষ্টি = 20 × 12 বছর = 240 বছর। এখন মোট ছাত্রী = 20 + 2 = 22 জন। তাদের নিয়ে মোট বয়স = (240 + 17 + 18) = 275 বছর। তাহলে নির্ণেয় গড় = $\frac{275}{22}$ বছর = 12.5 বছর। **82(a).** সূত্রানুসারে নির্ণেয় সংখ্যা = $\left(\frac{\sqrt{1+4\times6}-1}{2}\right) = \frac{5-1}{2} = 2$. **83(d).** A : B = 3 : 4 = (3 × 3) : (4 × 3) = 9 : 12. B : C = 6 : 5 = (6 × 2) : (5 × 2) = 12 : 10. তাহলে A : B : C = 9 : 12 : 10. **84(a).** ওই পিতলে তামার ওজন = $\left(33 \times \frac{7}{11}\right)$ কেজি = 21 কেজি। দস্তার ওজন = $\left(33 \times \frac{4}{11}\right)$ কেজি = 12 কেজি। 6 কেজি দস্তা মিশালে দস্তার ওজন হবে = (12 + 6) কেজি = 18 কেজি। তাহলে তামা ও দস্তার অনুপাত = $\frac{21}{18} = \frac{7}{6}$ = 7 : 6 **85(b). 86(c).** মনে করি, দ্বিতীয় বইটির দাম = x টাকা। তাহলে $\frac{75}{x} = \frac{3}{1}$ বা, 3x = 75 বা, x = 25. প্রথম বইয়ের দাম 25 টাকা বেশি হলে নির্ণেয় অনুপাত = $\frac{75+25}{25} = \frac{100}{25} = \frac{4}{1}$ = 4 : 1 **87(b).** ট্রেনের গতিবেগ = 60 কিলোমিটার/ঘন্টা। তাহলে 60 × 60 সেকেন্ডে ট্রেনটি যায় = 60 × 1000 মিটার। তাহলে 30 সেকেন্ডে ট্রেনটি যায় = $\frac{60 \times 1000 \times 30}{60 \times 60}$ মিটার = 500 মিটার। তাহলে প্ল্যাটফর্মটির দৈর্ঘ্য = (500 – 200) = 300 মিটার। **88(b).** মূলধনের অনুপাত = 30000 : 10000 = 3 : 1. তাহলে সোনালীর প্রাপ্য = $\frac{1}{3+1} \times 8000$ টাকা = 2,000 টাকা। **89(c).** 10% ক্ষতি, তাই বিক্রয়মূল্য = (100 – 10) টাকা = 90 টাকা। 90 টাকা বিক্রয়মূল্যে ক্রয়মূল্য = 100 টাকা। তাহলে 270 টাকা বিক্রয়মূল্যে ক্রয়মূল্য = $\frac{100}{90} \times 270$ টাকা = 300 টাকা। **90(a).** 18 জনে কাজটি করে = 25 দিনে। তাহলে (18 – 3) = 15 জনে কাজটি করে = $\frac{18 \times 25}{15}$ দিনে = 30 দিনে। **91(c).** 15 টাকা ছাড় = 100 টাকায়। তাহলে 54 টাকা ছাড় = $\frac{100}{15} \times 54$ টাকা = 360 টাকা। **92(a).** নির্ণেয় 3 মাসের সুদ = 100000 × $\frac{3}{12} \times \frac{7}{100}$ = 1,750 টাকা। **93(b).** 12 জনে কাজটি করে = 15 দিনে। তাহলে 10 জনে কাজটি করে = $\frac{12 \times 15}{10}$ দিনে = 18 দিনে। **94(a).** শর্তানুসারে, $\frac{4}{7} = \frac{12}{x}$ বা, 4x = 84 বা, x = 21. **95(d).** 4টি সংখ্যার সমষ্টি = 52. 3টি সংখ্যার সমষ্টি = 10 + 15 + 18 = 43. তাহলে চতুর্থ সংখ্যা = 52 – 43 = 9. **96(c). 97(b).** এক মাস হিসাবে খাটে। A এর 600 × 5 টাকা ও B এর 500 × 9 টাকা। তাহলে লভ্যাংশের অনুপাত = 600 × 5 : 500 × 9 = 6 × 5 : 5 × 9 = 6 : 9 = 2 : 3. **98(d).** প্রথম বছরের আসল = 1,000 টাকা। প্রথম বছরের সুদ = 50 টাকা। দ্বিতীয় বছরের আসল = 1,050 টাকা। দ্বিতীয় বছরের সুদ = 52.50 টাকা। তাহলে সবৃদ্ধি মূল = 1102.50 টাকা। তাহলে চক্রবৃদ্ধি সুদ = (1102.50 – 1000) টাকা = 102.50 টাকা। **99(a).** নির্ণেয় সুদ = $\frac{5 \times 3000 \times 2}{100}$ টাকা। **100(b).**

## রাষ্ট্রায়ত্ত সংস্থায় ১৩১ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -সিভিল :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন - ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ফিটার :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রিশিয়ান :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রনিক্স মেকানিক :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইন্সট্রুমেন্ট মেকানিক :** আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-মেশিনিস্ট :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -অ্যাকাউন্ট্যান্ট :** যে কোনো শাখার গ্রাজুয়েটরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**কোন্ রাজ্যে ক'টি শূন্যপদ : টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব রাজ্যে — গুজরাট** -(কোড 101) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), (কোড 102) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), (কোড 103) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), (কোড 104) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), (কোড 105) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), (কোড 106) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)।

**মধ্যপ্রদেশে-** (কোড 112) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), (কোড 113) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), (কোড 114) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), (কোড 115) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), (কোড 116) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), (কোড 117) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৩৫টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ৫)।

**ছত্তিশগড়ে-** (কোড 118) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), (কোড 119) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), (কোড 120) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), (কোড 121) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), (কোড 122) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), (কোড 123) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৫টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১)।

**গোয়ায়** -(কোড 124) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), (কোড 125) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), (কোড 126) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), (কোড 127) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), (কোড 128) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), (কোড 129) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ১টি (জেনাঃ )।

**দাদরা ও নগর-হাভেলি** - (কোড 135) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), (কোড 136) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), (কোড 137) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), (কোড 138) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), (কোড 139) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), (কোড 140) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

**কোন রাজ্যে ক'টি শূন্যপদ : ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব রাজ্যে — গুজরাট** -(কোড 107) ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), (কোড 108) ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), (কোড 109) ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), (কোড 110) ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), (কোড 111) ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ৯টি (জেনাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**গোয়া-** (কোড 130) ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), (কোড 131) ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), (কোড 132) ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), (কোড 133) ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), (কোড 134) ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) ১টি (জেনাঃ)।

**গুজরাট** - (কোড 141) ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৬৬টি (জেনাঃ ৩০, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ১৭)।

**গোয়া** - (কোড 142) ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) ৫টি (জেনাঃ)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১০-২০১৯'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১৫ ডিসেম্বর, আহমেদাবাদ, ভূপাল, রায়পুর, পানজিম ও সিলভাষায়। ৯০ মিনিটের লিখিত পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) টেকনিক্যাল সংক্রান্ত ৪০ নম্বর, (খ) জেনারেল অ্যাপ্টিটিউট - ২০ নম্বর, (গ) রিজনিং এবিলিটি -২০ নম্বর, (ঘ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২০ নম্বর।

ট্রেড অ্যাপ্রেন্টিস অ্যাকাউন্ট্যান্ট পদের বেলায় থাকবে এইসব বিষয় : (ক) জেনারেল অ্যাপ্টিটিউট -৩০ নম্বর, (খ) রিজনিং এবিলিটি - ৩০ নম্বর, (গ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৪০ নম্বর।

লিখিত পরীক্ষায় ৪০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম রেজিস্ট্রেশন করতে হবে। ট্রেড অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় নাম রেজিস্ট্রেশন করবেন এই ওয়েবসাইটে : http://www.apprenticeship.gov.in টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় নাম রেজিস্ট্রেশন করবেন এই ওয়েবসাইটে : http://portal.mhrdnats.gov.in

এরপর দরখাস্ত করবেন অনলাইনে ২৬ নভেম্বর পর্যন্ত, এই ওয়েবসাইটে : www.iocl.com দরখাস্ত করার আগে এইসব প্রমাণপত্র স্ক্যান করবেন : (ক) জন্ম-সার্টিফিকেট, (খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, (গ) কাস্ট সার্টিফিকেট, (ঘ) সাদা কাগজে কালো কালি দিয়ে সিগনেচার করে স্ক্যান করবেন, (ঙ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


**শুধু গ্র্যাজুয়েশনের পর নয় প্রতিটি ছাত্রছাত্রীর স্কুলকলেজে পড়াশোনার পাশাপাশি কেন্দ্র ও রাজ্যের বিভিন্ন সরকারি চাকরির প্রস্তুতি শুরু করা উচিত। স্বপ্নপূরণে পাশে আছে জিএসসিই।**

কখনোও কখনো ছাত্রছাত্রীরা সরকারি চাকরির প্রস্তুতির জন্য ব্যক্তি বিশেষের কাছে প্রাইভেট টিউশন নিয়ে থাকে। এইভাবে হয়তো কিছুটা জানা যায়, কিন্তু চাকরির পরীক্ষায় হাজার হাজার প্রতিযোগীর মধ্যে নিজের জায়গাটিকে পাকা করার জন্য যে সিস্টেমেটিক কন্টিনিউয়াস প্র্যাকটিসের প্রয়োজন হয়, তা সম্ভবপর হয় না। সস্তার এই পদ্ধতিতে সময় ও মনোবল দুই-ই নষ্ট হয়। চাকরির পরীক্ষায় কোনো একটা বিষয়ের কিছুটা জানা ও দক্ষ শিক্ষা প্রতিষ্ঠানের নির্দিষ্ট গাইড লাইন মেনে পড়াশোনা করা ও টাইম ম্যানেজমেন্ট শিখে পরীক্ষার হলে প্রয়োগ করে আসার মধ্যে বিস্তর ব্যবধান যা উপলব্ধি করতেই অনেকের অনেকটা সময় চলে যায়। অভিভাবকবৃন্দের কাছে আবেদন, শতাব্দী প্রাচীন জর্জ টেলিগ্রাফের জিএসসিই-তে সন্তানদের নিয়ে আসুন, ফ্রি কেরিয়ার কাউন্সেলিং-এর সুযোগ নিন - জীবনে প্রতিষ্ঠা পাওয়ার পথে সন্তানদের এগিয়ে যেতে সাহায্য করুন।

● অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী ● পরীক্ষার কোনটি গুরুত্বপূর্ণ এবং কোনটি গুরুত্বপূর্ণ নয় সেই বিষয় সম্বন্ধে সম্যক ধারণা ● অতি প্রয়োজনীয় Time Management এবং Shortcut Technique শেখার সুযোগ ● ১০০% কমনযোগ্য, সাজেস্টিভ এবং কার্যকরী স্টাডি মেটেরিয়ালস ও পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞানসম্মত পরীক্ষা পদ্ধতি ● নিয়মিত ক্লাস, ক্লাস টেস্ট, মক টেস্ট এবং ডাউট ক্লিয়ারিং ক্লাস ● Home Works, Judge Yourself ● ইন্ডিভিজুয়াল কেয়ারের মাধ্যমে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের উপর বিশেষ যত্ন প্রদান ● প্রতিদিন ক্লাসের শুরুতেই প্রস্তুতি যাচাই করার জন্য Performance Test বিশেষ হোম ওয়ার্ক কপির ব্যবস্থা ● বিশেষ ক্লাসের ব্যবস্থা ● স্পীড টেস্ট-এর ব্যবস্থা ও লাস্ট মিনিট সাজেশন ● প্রিলিমিনারি, মেন এবং ইন্টারভিউ-এর সুসংবদ্ধ গাইডলাইন ● কাট অফ মার্কসের ব্যাপারে অবগত হওয়া ● শিক্ষামূলক পরিবেশে সমস্ত কেন্দ্রই হেড অফিস কলকাতা থেকে পরিচালিত হয় ● সাপ্তাহিক স্টাডি মেটিরিয়ালস ● নিজস্ব বাংলা মাসিক ম্যাগাজিন 'অ্যাচিভার্স' ● ইংরাজি মাসিক ম্যাগাজিন 'অ্যাচিভার্স ইন ফোকাস' ● নিজস্ব সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা, চাকরি ও খেলা' ● উন্নতমানের ফ্রি লাইব্রেরি ও গ্রুপ স্টাডির ব্যবস্থা ● Personality Development ও Group Discussion-এর উপর বিশেষ যত্নপ্রদান ● ই-ম্যাগাজিন-এর সুবিধা ● অফলাইন পরীক্ষার ব্যবস্থা ● ইন্টারভিউ রুমে নিজেকে সপ্রতিভ রাখতে শেখা ● ছাত্রছাত্রীদের সুযোগ সুবিধার জন্য প্রতিটি ব্যাচে কোর্স মেনটর ● অনলাইন ও অফলাইন ফর্ম ফিল-আপ-এর সুবন্দোবস্ত ● চাকরি পাওয়া পর্যন্ত সমস্ত ধরনের সুযোগসুবিধা পাওয়া ● সর্বোপরি আধিকারিকবৃন্দের সম্পূর্ণ গাইডলাইন ও মোটিভেশনাল ক্লাস। ফলাফল - বিভিন্ন সরকারি দপ্তরে জিএসসিই-র হাজার হাজার ছাত্রছাত্রীর নজরকাড়া উপস্থিতি।

**Special Seminar on Govt. Jobs. & Meet GSCE Director.** It is Free

| Date | Day | Place | Time |
|---|---|---|---|
| 1/11/19 | Friday | Raiganj | 10.00 am |
| | | Balurghat | 2.30 pm |
| 2/11/19 | Saturday | Malda | 10.00 am |
| 3/11/19 | Sunday | Berhampur | 10.00 am |
| 8/11/19 | Friday | Jalpaiguri | 11.30 am |
| | | Dhupguri | 2.30 pm |
| 9/11/19 | Saturday | Dinhata | 10.00 am |
| | | Alipurduar | 2.00 pm |
| 10/11/19 | Sunday | Coochbehar | 10.00 am |
| 11/11/19 | Monday | Siliguri | 10.00 am |

**GSCE** পড়লেই সরকারি চাকরি

Helpline : 9830277100 / 200 / 300

২০১৯ সালে প্রতি ঘরে ডব্লুবিসিএস সহ অন্যান্য অন্তত ১০,০০০ সরকারি চাকরি পাওয়ানোর লক্ষ্য নিয়ে এগিয়ে চলেছে জিএসসিই।

স্নাতক যোগ্যতায় **SSC CGL** বয়স ঃ ১৮-৩২ বছর ফর্ম ফিলাপ - ২৫/১১/১৯ পর্যন্ত

জিএসসিই-তে নিম্নলিখিত কোর্স সমূহে ভর্তি চলছে

**WBCS** (Preliminary, Main, Interview + Other Exams) | **Regular Combined** (CGL, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army etc.) | **Crash Course Bank / Primary TET / TET** | **Interview & Personality Grooming Course**

(হেড অফিস) **শিয়ালদহ** ১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২ ✆9674087465 ✆9051040306 উপরিউক্ত নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

| | |
|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 |
| গড়িয়াহাট | 9230056665 |
| নেতাজীনগর | 9674087860 |
| বারাসাত | 9674087467 |
| ব্যারাকপুর | 9230056668 |
| কল্যানী | 9674087469 |
| রানাঘাট | 9674083508 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| সোনারপুর | 9674087466 |
| ডায়মন্ডহারবার | 9230056662 |
| ক্যানিং | 7031615596 |
| হাওড়া ময়দান | 9230056677 |
| বাগনান | 9674087468 |
| তমলুক | 8697984951 |
| কাঁথি | 9674140376 |
| পঃমেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বাঁকুড়া | 8017491727 |
| পুরুলিয়া | 9830277820 |
| আসানসোল | 9674087475 |
| দুর্গাপুর | 9674025500 |
| বর্ধমান | 9674025700 |
| কোন্নগর | 9230056667 |
| তারকেশ্বর | 9830277743 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |
| বোলপুর | 9674012025 |
| রামপুরহাট | 9674061397 |
| বহরমপুর | 9674087471 |
| মালদা | 9674087472 |
| বালুরঘাট | 9230056676 |
| রায়গঞ্জ | 8017491728 |
| ইসলামপুর | 9830277597 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| কোচবিহার | 9830277023 |
| দিনহাটা | 9830277698 |

শীঘ্রই বিজ্ঞপ্তি **WBCS ও School Service**

Website : www.gsceindia.org George Telegraph • Since 1920 ফর্ম ফিলাপ সংক্রান্ত সমস্ত কিছু জানতে- ✆ 9231036500


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com